

বন্ধ হচ্ছে নিউইয়র্ক সিটি'র মেট্রোকার্ড

বিশেষ প্রতিনিধি: চলতি বছরই বন্ধ হয়ে যাচ্ছে এমটিএ' মেট্রোকার্ড। ফলে অবসান ঘটতে যাচ্ছে মেট্রোকার্ড ব্যবহারের এক যুগ। আগামী বছর থেকে নিউয়র্ক *৩৩-এর পৃষ্ঠায় দেখুন*

যুক্তরাষ্ট্রে ৫ লক্ষাধিক অভিবাসীর বৈধতা বাতিল

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে বসবাসরত কিউবা, হাইতি, নিকারাগুয়া ও ভেনেজুয়েলার ৫ লাখ ৩০ হাজার অভিবাসীর অস্থায়ী আইনি মর্যাদা বাতিল করেছে ট্রাম্প প্রশাসন। ২৪ এপ্রিলের আগে এসব অভিবাসীকে যুক্তরাষ্ট্র ছাড়ার দেশ ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে। অভিবাসন নীতির কড়াকড়ি আরোপে ট্রাম্পের ধারাবাহিক পদক্ষেপ এটি। শুক্রবার (২১ মার্চ) যুক্তরাষ্ট্রের ফেডারেল রেজিস্ট্রারে প্রকাশিত *৩৩-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 25 / March 24, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ২৫ ॥ সোমবার, চৈত্র ১০, ১৪৩১ ॥ রমজান ২৩, ১৪৪৬

অভিবাসন বিরোধী আইনের কঠোর প্রয়োগ ট্রাম্প প্রশাসনের

গ্রীন কার্ডধারীরা চরম শঙ্কায়

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের অভিবাসন বিরোধী ক্র্যাকডাউনে শুধু অবৈধ অভিবাসী নয় গ্রীন কার্ডধারীরা চরম দু:শ্চিন্তায় পড়েছেন। সাম্প্রতিক যুক্তরাষ্ট্রে বসবাসরত বৈধ গ্রীন কার্ডধারী ও ভিসাধারী একাধিক ব্যক্তিদের বহিষ্কারের উদ্দেশে গ্রেপ্তার এবং এয়ারপোর্ট থেকে চিকিৎসক ও বিজ্ঞানীকে গ্রীন কার্ডসহ বৈধ ভিসা থাকা সত্ত্বেও ডিপোর্ট করার ঘটনায় দু:শ্চিন্তার পারদ আরো তীব্র হয়ে ওঠেছে। এছাড়াও যারা রাজনৈতিক আশ্রয় বা এসাইলামের মাধ্যমে বৈধ হয়েছেন সম্প্রতি এমন অনেকের কেইস পুনরায় রিভিউয়ের প্রক্রিয়া শুরু করেছে ইউএস ইমিগ্রেশন। ইমিগ্রেশন বিশেষজ্ঞদের মতে, আমেরিকার অভিবাসন নীতির কিছু আইন রয়েছে যা আগের প্রেসিডেন্টদের প্রশাসন শিথিল রেখেছিলো। কিন্তু বর্তমান ট্রাম্প প্রশাসন এসব আইনের কঠোর প্রয়োগ শুরু করেছে। তাছাড়া আমেরিকার পররাষ্ট্রনীতি কিংবা জাতীয় নিরাপত্তায় ঝুঁকি এমন কার্যক্রম নজরে পড়লে যে কেউ বহিষ্কার ও গ্রেপ্তার হতে পারেন। বর্তমানে শুধু আমেরিকা নয়, এদেশের সরকার প্রশাসন বিরোধী কোন কিছু করলেও ইমিগ্যান্টরা বিপাকে পড়তে পারেন। এমন পরিস্থিতিতে বিশেষ করে গ্রীনকার্ডধারী যারা আছেন তাদেরকে সতর্কতার সহীত চলতে হবে। ঘন ঘন এদেশের বাহিরে ভ্রমণ কিংবা টানা কয়েকমাস দেশের বাহিরে অবস্থান না করা পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা।



ট্রাম্প প্রশাসন বলছে দেশের নিরাপত্তার হুমকি আছে এমন যেকোন গ্রীণকার্ডধারীর কার্ড বাতিল করার আইন আছে।

এবিসি নিউজ, *৫-এর পৃষ্ঠায় দেখুন*

'হিন্দুদের সেইফ জোন' দাবিতে ভারতে প্রেস কনফারেন্স!

বাংলা পত্রিকা রিপোর্ট: বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত বাংলাদেশী হিন্দুরা দেশে 'হিন্দুদের সেইফ জোন' করার দাবিতে ভারতে গিয়ে প্রেস কনফারেন্স করেছেন। উত্তর আমেরিকার টাইম টেলিভিশনের জনপ্রিয় টকশো 'টাইম এক্সক্লুসিভে' সাক্ষাতকারে এসে বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান এক্য পরিষদ যুক্তরাষ্ট্র শাখার সাবেক আহ্বায়ক শিতাংশু গুহ বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্র, কানাডা, ফ্রান্স ও যুক্তরাজ্যসহ ১১টি দেশে বসবাসরত ১৭ জন বাংলাদেশী একত্রে ভারতের দিল্লীতে প্রেস কনফারেন্স করেছি। সেখানে আমরা বলেছি গত ৫৩ বছর ধরে বাংলাদেশে হিন্দুরা যেভাবে নির্যাতিত হচ্ছে, সে কারণে হিন্দুরা মনে করছে দেশে মুসলমানদের সাথে কি থাকতে পারবে। তাই দেশে 'হিন্দুদের সেইফ জোন' করার প্রয়োজন। প্রেস কনফারেন্সে আমাদের জিজ্ঞেস করা হয় কি ধরনের সেইফ জোন চান। এমন প্রশ্নের উত্তরে আমরা *৫-এর পৃষ্ঠায় দেখুন*



শিতাংশু গুহ

চুক্তি হচ্ছে আইআরএস এবং হোমল্যান্ড সিকিউরিটির

আদালত প্রাঙ্গণেও অবৈধ অভিবাসী গ্রেপ্তার করছে আইস!

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে আদালতে নির্ধারিত তারিখে হাজিরা দিতে গিয়ে আইস এর গ্রেপ্তার অভিযানে পড়ছেন অবৈধ অভিবাসীরা। শুক্রবার ১৮ জন অবৈধ অভিবাসীকে ফ্লোরিডার একটি আদালত প্রাঙ্গণ থেকে আটক করে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) কর্মকর্তারা। এছাড়া অভিবাসী গ্রেপ্তার ও বহিষ্কারে প্রতিবন্ধকতা সৃষ্টির কারণ দেখিয়ে হোয়াইট হাউজের অধীনে ৩ টি দপ্তর বিলুপ্তির পদক্ষেপ নিচ্ছে ট্রাম্প প্রাশসন।

প্রতিবন্ধকতা সৃষ্টির কারণ দেখিয়ে ৩ দপ্তর বিলুপ্তির পদক্ষেপ

জানা গেছে, ফ্লোরিডায় কিউবার ১৮ জন অভিবাসী ইমিগ্রেশন কোর্টে হাজিরা দিতে যান। তাদের কারো বৈধভাবে বসবাসের ন্যূনতম কোন ডক্যুমেন্ট নেই। সে কারণেই ওই ১৮ জনকে আদালতের বারান্দা থেকে গ্রেফতারের পর বহিষ্কারের প্রক্রিয়া অবলম্বন করা হয় বলে জানিয়েছেন ট্রাম্পের ইমিগ্রেশন এটর্নি মার্ক প্রদা। তিনি বলেন, এই ১৮ জনের আগে আরো *১৫-এর পৃষ্ঠায় দেখুন*

৩১ মার্চের মধ্যে নিউইয়র্ক সিটির সাবওয়ে নিরাপদ করার নির্দেশ

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সিটির সাবওয়ে নিরাপদ ও সুন্দর করার তাগিদ দিয়েছেন যুক্তরাষ্ট্রের পরিবহন সচিব শান ডাফি। আগামী ৩১ মার্চের মধ্যে সাবওয়েগুলোতে পরিবর্তন না ঘটলে ফেডারেল সহায়তা বন্ধ হওয়ার আশংকা রয়েছে।

ট্রাম্প প্রশাসন এবং নিউইয়র্কের কর্মকর্তাদের মধ্যে যানজট মূল্য নির্ধারণ নিয়ে চলমান বিরোধের বিরোধের মধ্যে নিউইয়র্ক সিটির সাবওয়ের পরিস্থিতি নিয়ে ট্রাম্প প্রশাসনের সমালোচনার পর এবার ইউএস পরিবহন সচিব শান ডাফি নানা অভিযোগ তুলেছেন। তিনি অবিলম্বে সিটির সাবওয়েতে নিরাপদ ভ্রমণ, পরিষ্কার পরিচ্ছন্ন, সন্দর ও *৫-এর পৃষ্ঠায় দেখুন*

অবৈধ অভিবাসীর ঠিকানা খুঁজতে আইআরএস'র তথ্য নিবে আইস

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে বসবাসরত অবৈধ ও অনথিভুক্ত অভিবাসীদের ঠিকানার সন্ধান পেতে আইআরএস'র কাছ থেকে সকল তথ্য নিতে পারবে আইস। অবৈধ অভিবাসীদের তথ্য আদান-প্রদানে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিট এবং ইন্টারনাল রেভিনিউ সার্ভিস (আইআরএস) এর মধ্যে চুক্তি হচ্ছে। এ চুক্তির সকল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। দিন কয়েকের মধ্যে এ চুক্তি সম্পন্ন হবে।

সিএনএন তাদের প্রতিবেদনে জানায়, যুক্তরাষ্ট্রে ট্যাক্স ফাইল করছেন এমন করদাতাদের নাম-ঠিকানাসহ সকল তথ্য আইআরএস এ গোপনীয় ও সুরক্ষিত ছিলো। এতে এদেশে অবস্থানকারী অনথিভুক্ত ও অবৈধ অভিবাসী যাদের সোশ্যাল সিকিউরিটি নাম্বার নেই তারা আইটিআইএন এর মাধ্যমে ট্যাক্স ফাইল করতেন। *৫-এর পৃষ্ঠায় দেখুন*

ড. সিদ্দিকুর রহমানের বক্তব্যে কমিউনিটিতে মিশ্র প্রতিক্রিয়া

'দলের দূর্দিনে সুবিধাভোগীরা নিরব'

বিশেষ প্রতিনিধি: জুলাই-আগষ্টের ছাত্র-জনতার গণ অভ্যুত্থানে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের পতন এবং তার পলায়নের পর পরিবর্তীতে প্রেক্ষাপটে বাংলাদেশের অন্তবর্তী সরকার আওয়ামী ছাত্র সংগঠন ছাত্রলীগ-কে নিষিদ্ধ ঘোষণা করেছে। দেশব্যাপী দাবী *৩৩-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

নির্বাচনে একমাত্র প্যানেল খসরু-সুয়েব পরিষদ













শেষ পৃষ্ঠায় পর এস্টোরিয়াস্থ হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্টের হলরুমে নির্বাচন কমিশনের কাছে আনুষ্ঠানিকভাবে মনোনয়ন জমা দেন খসরু-সুয়েব' পরিষদ। এসোসিয়েশনের এ নির্বাচনে আর কোন প্রতিদ্বন্দ্বী প্যানেল মনোনয়ন জমা না দেওয়ায় খসরু-সুয়েব' পরিষদই আগামী এপ্রিলে অনুষ্ঠিত নির্বাচনে বিজয়ী হতে যাচ্ছেন।

জানা গেছে, ২৩ মার্চ ছিলো মনোনয়ন জমার শেষ দিন । নির্বাচনের তফসিল ঘোষণার পর ২০২১ সালে অনুষ্ঠিত নির্বাচনে আলাউদ্দিন-জাবেদ পরিষদের সাথে প্রতিদ্বন্দ্বিতাকারী জালাল-রেনু পরিষদ এ বছর নির্বাচন থেকে শেষ মুহূর্তে বয়কটের ঘোষণা দিয়ে প্রতিদ্বন্দ্বিতা থেকে সরে দাঁড়ায়। গত নির্বাচনে আলাউদ্দিন-জাবেদ পরিষদের সাথে প্রতিদ্বন্দ্বিতাকারী জালাল-রেনু পরিষদ বিপুল ভোটে পরাজিত হয়।

এসময় উপস্থিত ছিলেন এসোসিয়েশনের নির্বাচন পরিচালনায় দায়িত্বরত প্রধান নির্বাচন কমিশনার সিরাজ উদ্দিন আহমদ সোহাগ, নির্বাচন কমিশনার মো. তজমুল আলী, শাহেদ দেলওয়ার চৌধুরী, মো. আব্দুল মুকিত চৌধুরী, মো. আব্দুল মোক্তাদির চৌধুরী।

নির্বাচন কমিশনের দায়িত্বরতদের কাছে আনুষ্ঠানিকভাবে মনোনয়নপত্র জমা দেন খসরু-সুয়েব' পরিষদের সভাপতি প্রার্থী সৈয়দ ইলিয়াস খসরু, সহসভাপতি প্রার্থী লুৎফুর রহমান, সাধারণ সম্পাদক প্রার্থী মইনুর রহমান সুয়েব, সহ সাধারণ সম্পাদক প্রার্থী বদরুল ইসলাম মিন্টু, কোষাধ্যক্ষ প্রার্থী ওবায়দুর রহমান কামাল , সাংগঠনিক সম্পাদক রাহাত বিন ওয়াহিদ, প্রচার সম্পাদক প্রার্থী শামীম আহমদ, ক্রীড়া ও সমাজকল্যাণ সম্পাদক প্রার্থী আজিজুল হক স্বপন, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক প্রার্থী মিতা চক্রবর্তী, মহিলা বিষয়ক সম্পাদিকা প্রার্থী সালমা চৌধুরী মিলি, কার্য্যনির্বাহী সদস্য প্রার্থী অলিউর রহমান, সালিক আহমদ, মতিউর রহমান খান, তাহমিদুর চৌধুরী তৌসিফ ও ফারুক মিয়া।

এসময় উপস্থিত ছিলেন এসোসিয়েশনের বর্তমান সভাপতি শাহ্ আলাউদ্দিন, সাধারণ সম্পাদক জাবেদ আহমদ, খসরু-সুয়েব' পরিষদ এর নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব জামাল উদ্দিন লিটন ও যুগ্ম সদস্য সচিব হারুনুর রশীদ তালুকদার প্রমুখ।

প্রধান নির্বাচন কমিশনার সিরাজ উদ্দিন আহমদ সোহাগ জানান, যুক্তরাষ্ট্রে কুলাউড়া বাসীর একমাত্র সংগঠন কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশনের নির্বাচনে একমাত্র প্যানেল হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন শুধুমাত্র খসরু-সুয়েব পরিষদ। আর কোন প্রতিদ্বন্দ্বী প্যানেল মনোনয়ন জমা দেয়নি এবারের নির্বাচনে। মনোনয়ন যাচাই শেষে আগামী ২৭ এপ্রিল আনুষ্ঠানিকভাবে বিজয়ী প্যানেল ঘোষণা করা হবে



$328 Million NYS Attorney General Settlement

Fund for 2014 - 2017 UBER/LYFT DRIVERS!

৩২৮ মিলিয়ন ডলার নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল সেটেলমেন্ট

২০১৪-২০১৭ সালের উবার/লিফট ড্রাইভারদের জন্য ফান্ড!

60,000 DRIVERS ALREADY RECEIVED THEIR MONEY!

৬০,০০০ প্লাস ড্রাইভার ইতিমধ্যে তাদের টাকা পেয়েছেন!

আপনার প্রাপ্য অর্থ দাবি করুন!

CLAIM YOUR MONEY

যদি আপনি Uber **(২০১৪ সালের নভেম্বর ১০ থেকে ২০১৭ সালের মে ২২ পর্যন্ত)** অথবা Lyft **(২০১৫ সালের অক্টোবর ১১ থেকে ২০১৭ সালের জুলাই ৩১ পর্যন্ত) এর** জন্য কাজ করে থাকেন, তাহলে ৩১ মার্চের মধ্যে নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলে ৩২৮ মিলিয়ন ডলার UBER/LYFT সেটেলমেন্ট ফান্ড থেকে আপনার অর্থ পেতে আবেদন করুন। Uber ও Lyft যাত্রীর কাছ থেকে চার্জ নেওয়ার পরিবর্তে ড্রাইভারদের বেতন থেকে অবৈধভাবে BCF চার্জ কেটে নিয়েছিলো। **৬০,০০০+ এর বেশি ড্রাইভার ইতিমধ্যে তাদের অর্থ পেয়েছে কিন্তু ৩০,০০০ ড্রাইভার এখনও তাদের অর্থ পাননি।** যারা এখনো অর্থ পাননি তারা এখনই তাদের দাবি করতে হবে। নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল NYTWA (নিউইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স অ্যালায়েন্স) -কে ৩১ মার্চের মধ্যে শেষ ড্রাইভারদের আবেদন করতে সাহায্য করার অনুরোধ করেছেন। NYTWA রবিবার থেকে শুক্রবার সকাল ১১টা থেকে রাত ৭টা পর্যন্ত স্বশরীরে সেবা প্রদান করছে।

এটি গুরুত্বপূর্ণ নয় যে আপনি আর উবার বা লিফটে কাজ করছেন কিনা, আপনার অ্যাকাউন্ট নিষ্ক্রিয় করা হয়েছে বা আপনি যুক্তরাষ্ট্রের বাইরে চলে গেছেন। যদি ড্রাইভারের মৃত্যু ঘটে থাকে, তবে জীবিত পরিবারের সদস্য আবেদন করতে পারেন। যারা উভয় কোম্পানির জন্য নিষ্পত্তির সময়কালে কাজ করেছেন, তারা উভয় কোম্পানি থেকে টাকা পাবেন।

NYTWA সেই অভিযোগ দায়ের করেছিল যা নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলের অফিস থেকে তদন্ত শুরু হয়েছিলো। NYTWA ৩টি মামলা দায়ের করেছিল এবং ৮.৫ (সাড়ে আট) বছর ধরে লড়াই করেছে। কোন ড্রাইভারকে পিছনে রাখা উচিত নয়। ৩১ মার্চের মধ্যে এসে আপনার অর্থ ফেরত পাওয়ার দাবি আদায়ের আবেদন করুন। এটি বিনামূল্যে এবং গোপনীয়।

আমরা কথা বলি: স্প্যানিশ, মান্দারিন, বাংলা, রাশিয়ান, ফরাসি, নেপালি, উর্দু/পাঞ্জাবি, আরবি, এবং আরও অনেক ভাষায়।

নিউ ইয়র্ক ট্যাক্সি ওয়ার্কার্স অ্যালায়েন্স

- **সময়সূচী:** সকাল ১১ টা - সন্ধ্যা ৭টা রবিবার থেকে শুক্রবার
- **ঠিকানা:** ৩১-১০ ৩৭তম এভিনিউ, এলআইসি, নিউ ইয়র্ক ১১১০১
- **ফোন:** ৭১৮-৭০৬-৯৮৯২
- আপনার পরিচয়পত্র এবং ফাইল গ্রহণ-করার জন্য সাথে দুটি নিজের ফটো আইডি নিয়ে আসুন।

নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিস **NYTWA**-কে সেই ড্রাইভারদের সাথে যোগাযোগ করার জন্য নিযুক্ত করেছে যারা এখনও দাবি দায়ের করেননি। নিউ ইয়র্ক স্টেট পার্সোনাল প্রাইভেসি প্রোটেকশন আইন অনুসারে, আপনার নাম বা ঠিকানার মতো যেকোনো ব্যক্তিগত তথ্য, **NYTWA**-কে শুধুমাত্র আপনার পেমেন্ট প্রক্রিয়া করার জন্য ব্যবহার করা হবে। **NYTWA**-তে কেউ আপনার ব্যাংকিং তথ্য চাইবে না। অ্যাটর্নি জেনারেলের অফিসের নির্দেশ অনুসারে, রাস্ট কনসাল্টিং থেকে আপনার পেমেন্ট প্রক্রিয়া করার জন্য **NYTWA** আপনার ব্যক্তিগত তথ্য কেবল ততক্ষণের জন্য একটি নিরাপদ ডাটাবেসে সংরক্ষণ করবে যতক্ষণ প্রয়োজন। ডেটা সুরক্ষা, গোপনীয়তা, অথবা আপনার ব্যক্তিগত তথ্য জমা দেওয়ার বিষয়ে আপনার যদি কোনও উদ্বেগ থাকে, তাহলে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে এজি অফিসের সাথে যোগাযোগ করুন।

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতা

প্রশংসায় পঞ্চমুখ কমিউনিটি

ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে তৃতীয়বারের মতো অনুষ্ঠিত হলো টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকার কিরাত প্রতিযোগিতার ফাইনাল ও ইফতার মাহফিল। ব্যতিক্রমী এই আয়োজনে প্রশংসায় পঞ্চমুখ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ। আরো ব্যাপক আয়োজনে এমন অনুষ্ঠান আয়োজনের দাবীও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ও প্রতিযোগিতায় অংশগ্রহরকারীদের অভিভাবকগণ। খবরে বলা হয়েছে, ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে শনিবার এস্টোরিয়ার ভ্যারাইটি বয়েজ এন্ড গার্লস ক্লাব মিলনায়তনে ফাইনাল প্রতিযোগিতা ও ইফতার মাহফিল অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী সপরিবারে অংশ নেন। ফাইনালে দুই বিভাগ থেকে ৫জন করে মোট ১০জন প্রতিযোগী অংশ নেন। পরবর্তীতে অতিথিবৃন্দ ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ বিজয়ীদের মাঝে পুরষ্কারের চেক বিতরণ করেন। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল নাজমুল হুদা, ষ্টেট সিনেটর জেসিকা রামোস ও মূলধারার রাজনীতিক এটর্নী মঈন সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ শুভেচ্ছা বক্তব্যে এই কিরাত প্রতিযোগিতা আয়োজনের ভূয়সী প্রশংসা করেন। এবং আগামীতে ব্যাপক আয়োজনে এমন অনুষ্ঠান আয়োজনের দাবী জানান। এবারের কিরাত প্রতিযোগিতায় নতুন প্রজন্মের ৬৪জন শিশু কিশোর-কিশোরী প্রথম পর্বে অংশ নেয়। পরবর্তীতে দ্বিতীয় পর্বে উত্তীর্ন ৪৫জন প্রতিযোগির মধ্য থেকে ১০জন চুড়ান্ত পর্বে অংশ নেয়। আমেরিকার মিশ্র সাংস্কৃতিক পরিমন্ডলে মুসলিম কমিউনিটির নতুন প্রজন্মের মাঝে ইসলামের আলো ছড়িয়ে দিতে পবিত্র আল কোরআনের কিরাত প্রতিযোগিতা ভূমিকা রাখবে- এমনটাই মনে করেন সংশ্লিস্টরা। ইফতার মাহফিলের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

টাইম টেলিভিশন আর বাংলা পত্রিকা প্রতিষ্ঠার শুরু থেকেই কমিউনিটির কল্যাণে ভূমিকা রেখে চলেছে। পাশাপাশি কমিউনিটির সাথে মূলধারার সাথে সেতু বন্ধন রচনায় অগ্রনী ভূমিকা পালন করছে। আর তৃতীয়বারের মতো পরিবত্র রমজান উপলক্ষ্যে কিরাত প্রতিযোগিতার আয়োজন মিডিয়া দুটি কমিউনিটির কল্যানকর কাছে আরেক ধাপ এগিয়ে গেলো। কেননা, সিয়াম সাধনার মাস এই রমজানে ধর্মীয় চেতনা বাংলাদেশী বংশোদ্ভুত নতুন প্রজন্মে মাঝে ছড়িয়ে দিতে এমন উদ্যোগের বিকল্প নেই বলেই আমরা মনে করি। টাইম টিভি ও বাংলা পত্রিকার এমন উদ্যোগ অব্যাহত থাকবে। আর এই উদ্যোগে কমিউনিটির সংশ্লিস্টদের সার্বিক সহযোগিতাও অব্যাহত থাকবে বলে আমরাদের বিশ্বাস। আমরা সকল পৃষ্ঠপোষকদের প্রতি কৃতজ্ঞতা জানাই। কৃতজ্ঞতা জানাই সকল প্রতিযোগী, বিচারক আর অভিভাবকদের।

আমরা বিশ্বাস করি টাইম টেলিভিশনের প্রাণ তার সকল দর্শক, আর বাংলা পত্রিকার প্রাণ তার পাঠক। আমাদের সকল দর্শক আর পাঠকের শক্তিই মিডিয়া দুটির শক্তি। সকলের ভালোবাসা আর সহযোগিতায় আমাদের এই শক্তি আগামীতে আরো শক্তিশালী হবে এটাই আমাদের প্রত্যাশা।



সংবিধানে অপ্রয়োজনীয় ও আপত্তিকর সংস্কারের প্রস্তাবাবলি

ড. মইনুল ইসলাম

- সংবিধানের ৭০ ধারা সংশোধন;
- প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠা;
- নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পুনঃপ্রতিষ্ঠার প্রস্তাব;
- পাঁচ বছরের স্থলে চার বছর পরপর সংসদীয় নির্বাচনের প্রস্তাব;
- পরপর দুইবারের বেশি কাউকে প্রধানমন্ত্রী হতে না দেওয়া;
- বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতা প্রতিষ্ঠার ব্যবস্থা করা;
- দুই কক্ষবিশিষ্ট সংসদ চালু করা;
- সংসদের উচ্চকক্ষে ১০০টি আসনে সংখ্যানুপাতিক নির্বাচনের ব্যবস্থা চালু করা;
- সংসদে ১০০ নারী সদস্যের সরাসরি জনগণের ভোটে নির্বাচনের ব্যবস্থা চালু করা;
- কমিশনের সুপারিশগুলোকে সংবিধানে অন্তর্ভুক্ত করার জন্য গণভোটের ব্যবস্থা চালু করা; এবং
- পরবর্তী সময়ে নির্বাচিত সংসদের সদস্যদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সংশোধনীগুলোকে অনুসমর্থনের মাধ্যমে আইনগত বৈধতা প্রদান।

অন্তর্বর্তী সরকার ৮ আগস্ট ২০২৪ রাষ্ট্রক্ষমতা গ্রহণের পর সংবিধান সংস্কারের জন্য যে কমিশন গঠন করেছিল, তারা গত ১৫ জানুয়ারি ২০২৫ সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ইউনূসের কাছে তাদের প্রতিবেদন জমা দিয়েছে। গত ৮ ফেব্রুয়ারি ওয়েবসাইটে তাদের প্রতিবেদনটি প্রকাশ করা হয়েছে। অধ্যাপক আলী রীয়াজের নেতৃত্বাধীন এই কমিশন যখন নভেম্বর মাসে দেশের কয়েকজন নেতৃস্থানীয় ব্যক্তির সঙ্গে একটি পরামর্শ সভার আয়োজন করেছিল, তখন আমাকেও ওই সভায় আমন্ত্রণ জানানো হয়েছিল।

আমি সভায় সংবিধান সংস্কারে আমার প্রস্তাবগুলো উপস্থাপন করেছিলাম, যেগুলো সবার প্রশংসা অর্জন করেছিল। পরে কমিশনের অনুরোধে আমি আমার প্রস্তাবগুলো লিখিতভাবে কমিশনে পেশ করেছিলাম। একই সঙ্গে প্রস্তাবগুলোর ভিত্তিতে রচিত আমার একটি কলামও প্রথম আলোয় ২৫ নভেম্বর ২০২৪ প্রকাশিত হয়েছে। আমি অত্যন্ত আনন্দের সঙ্গে জানাতে চাই যে আমার প্রস্তাবগুলোর প্রায় সবই কমিশনের প্রস্তাবিত সংশোধনীগুলোর মধ্যে স্থান করে নিয়েছে। যেগুলো কমিশনের প্রস্তাবাবলির মধ্যে স্থান লাভ করেছে সেগুলোর সংক্ষিপ্ত তালিকা নিচে প্রদত্ত হলো:

- সংবিধানের ৭০ ধারা সংশোধন;
- প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠা;
- নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পুনঃপ্রতিষ্ঠার প্রস্তাব;
- পাঁচ বছরের স্থলে চার বছর পরপর সংসদীয় নির্বাচনের প্রস্তাব;
- পরপর দুইবারের বেশি কাউকে প্রধানমন্ত্রী হতে না দেওয়া;
- বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতা প্রতিষ্ঠার ব্যবস্থা করা;
- দুই কক্ষবিশিষ্ট সংসদ চালু করা;
- সংসদের উচ্চকক্ষে ১০০টি আসনে সংখ্যানুপাতিক নির্বাচনের ব্যবস্থা চালু করা;
- সংসদে ১০০ নারী সদস্যের সরাসরি জনগণের ভোটে নির্বাচনের ব্যবস্থা চালু করা;
- কমিশনের সুপারিশগুলোকে সংবিধানে অন্তর্ভুক্ত করার জন্য গণভোটের ব্যবস্থা চালু করা; এবং
- পরবর্তী সময়ে নির্বাচিত সংসদের সদস্যদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সংশোধনীগুলোকে অনুসমর্থনের মাধ্যমে আইনগত বৈধতা প্রদান।

কমিশনের 'ন্যাশনাল কনস্টিটিউশনাল কাউন্সিল' গঠনের প্রস্তাবটি অত্যন্ত ভালো প্রস্তাব। এই কাউন্সিলের মাধ্যমে যেসব সাংবিধানিক কমিশন ও কমিটির চেয়ারপারসন ও সদস্য-সদস্যাদের নিয়োগ দেওয়ার প্রস্তাব করা হয়েছে, তা বাস্তবায়িত হলে প্রধানমন্ত্রীর খামখেয়ালিপনার মাধ্যমে এসব পদে নিয়োগের স্বৈরতান্ত্রিক পদ্ধতির অবসান হয়ে যাবে এবং রাষ্ট্র পরিচালনায় বহুমাত্রিকতার সম্প্রসারণ ঘটবে। (এসব পদের জন্য তদবির সংস্কৃতিরও নিরসন ঘটবে)। একই সঙ্গে, সংসদের দুটি কক্ষেই ডেপুটি স্পিকারের আসনে একজন বিরোধী সদস্য-সদস্যার নির্বাচনের বাধ্যবাধকতার প্রস্তাবটিও অত্যন্ত গ্রহণযোগ্য। রাষ্ট্রপতি নির্বাচনের নির্বাচকদের সংখ্যার সম্প্রসারণও ভালো প্রস্তাব। আমি মনে করি, কলামে উল্লিখিত ১১টি মূল ক্ষেত্রে কমিশন যে প্রস্তাবাবলি পেশ করেছে, সেগুলো রাজনৈতিক দলগুলো গ্রহণ করলে এ দেশের সংবিধান একটি পুরোপুরি গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠার ঐতিহাসিক দলিলে পরিণত হবে। আমি কমিশনকে ধন্যবাদ জানাচ্ছি আমার প্রস্তাবগুলোকে তাদের সুপারিশমালার মধ্যে অন্তর্ভুক্ত করার জন্য। বক্ষ্যমাণ নিবন্ধে আমি ফোকাস করতে চাই কমিশনের কতগুলো অপ্রয়োজনীয় ও আপত্তিকর সুপারিশের দিকে।

১. প্রথমেই আমি উল্লেখ করব যে আমি সংবিধানের পুনর্লিখনের পক্ষপাতী নই, কারণ ১৯৭২ সালের সংবিধান আমাদের মহান মুক্তিযুদ্ধের ৩০ লাখ শহীদের শাহাদাত এবং ২ লাখ সম্ভ্রম হারানো মা-বোনের আত্মত্যাগকে ধারণ করে রচিত হয়েছে। কীভাবে সংবিধানে বিভিন্ন একপেশে সংশোধনী সন্নিবেশিত হয়েছে, তা আমি ব্যাখ্যা করেছি। বর্তমান অবয়বে সংবিধানের মারাত্মক ত্রুটি-বিচ্যুতিগুলোকে সংশোধনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য, যেগুলো আমার প্রস্তাবগুলোর মধ্যে আমি ব্যাখ্যা করেছি। কমিশনও সেগুলো তাদের সুপারিশমালায় অন্তর্ভুক্ত করেছে। কিন্তু বাংলাদেশ রাষ্ট্রের চারটি মূলনীতির মধ্যে তিনটিকে বদলে ফেলার যে সুপারিশ কমিশন প্রদান করেছে, সেগুলো একেবারেই অপ্রয়োজনীয় ও আপত্তিকর। কমিশনকে স্মরণ করিয়ে দিতে চাই, মুক্তিযুদ্ধের সময় ১০ এপ্রিল ১৯৭১ বাংলাদেশের প্রথম সরকারের প্রধানমন্ত্রী এবং মুক্তিযুদ্ধের কান্ডারি তাজউদ্দীন আহমদ যে তিনটি রাষ্ট্রীয় মূলনীতির ভিত্তিতে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা রচনা করে বেতারে ভাষণ দিয়েছিলেন সেগুলো ছিল গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। চতুর্থ মূলনীতি বাঙালি জাতীয়তাবাদ অন্তর্ভুক্ত হয়েছিল বঙ্গবন্ধুর ইচ্ছানুসারে ১৯৭২ সালের ১০ জানুয়ারি তিনি দেশে ফেরার পর। অতএব, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতাকে সংবিধান থেকে ছুড়ে ফেলার অধিকার আমরা কাউকেই দিতে পারব না, তার কোনো প্রয়োজনও নেই।

২. কমিশনের সুপারিশকৃত 'বহুত্ববাদ' নীতির মধ্যে ধর্মনিরপেক্ষতা অন্তর্নিহিত রয়েছে বলা হলেও সাধারণ জনগণের সেটা উপলব্ধি করা প্রায় অসম্ভব বলা চলে। তাই আমি এই সুপারিশটির বিরুদ্ধে অবস্থান নিচ্ছি, 'ধর্মনিরপেক্ষতা' বাদ দেওয়া ঠিক হবে না।

৩. ঠিক একইভাবে আমি সংবিধান থেকে 'সমাজতন্ত্রকে' বাদ দেওয়ার বিরুদ্ধে অবস্থান জানাতে চাই। শ্রমজীবী জনগণের শোষণমুক্তি ও জনগণের অর্থনৈতিক মুক্তির সংগ্রাম আমাদের মুক্তিযুদ্ধের মূল ভিত্তি। কেউ কেউ বলতে পারেন কমিশনের সুপারিশকৃত 'সাম্য' নীতির মধ্যে প্রচ্ছন্নভাবে সমাজতন্ত্র অন্তর্ভুক্ত থাকতেও পারে, কিন্তু সংবিধানে সমাজতন্ত্র গুরুত্বসহকারে মূলনীতি হিসেবে প্রতিষ্ঠিত থাকলে জনগণের শোষণমুক্তি ও অর্থনৈতিক মুক্তিকে রাষ্ট্রের নীতিমালার মধ্যে অগ্রাধিকার প্রদান করা হয়। অতএব, 'সাম্য' কথাটি দিয়ে সমাজতন্ত্রকে সংবিধান থেকে মুছে ফেলার প্রয়াস আমার কাছে কখনোই গ্রহণযোগ্য হবে না। সব ধরনের বৈষম্য থেকে মুক্তির সর্বাত্মক সংগ্রামকে ধারণ করতে হলে সমাজতন্ত্রের কোনো ভালো বিকল্প ব্যবস্থা আজও আবিষ্কৃত হয়নি, যদিও সমাজতন্ত্রের কোনো 'একক গ্রহণযোগ্য মডেল' বিশ্বের কোনো দেশে সফলভাবে আজও চালু করা যায়নি। (সংবিধানে ২০১০ সালের সুপ্রিম কোর্টের ঐতিহাসিক রায়ের মাধ্যমে সমাজতন্ত্র ফিরে আসা সত্ত্বেও দেশের শাসক মহলগুলো ১৫ বছর ধরে 'মুক্তবাজার অর্থনীতির' কট্টর পুঁজিবাদী ভার্সনটাই চালু রেখেছিল)। 'সাম্য' কথাটি দিয়ে সমাজতন্ত্রকে লুকিয়ে ফেলার প্রয়াস পশ্চিমা পুঁজিবাদী দেশগুলোকে খুশি করার প্রয়াস বলেই মনে হচ্ছে।

৪. 'বহুত্ববাদ' নীতির মধ্যে দেশের নানা জাতিগোষ্ঠীর সমমর্যাদার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে মনে করা হয়, তাই বাঙালি জাতীয়তাবাদের পরিবর্তে যদি সংবিধানে 'জাতিগত বহুত্ববাদ' কথাটি অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়, তাহলে আমি আপত্তি করব না।

৫. কমিশন 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের' পরিবর্তে 'জনগণতন্ত্রী বাংলাদেশ' নামকরণের সুপারিশ দিয়েছে। ভারতের নাম ইংরেজিতে 'রিপাবলিক অব ইন্ডিয়া' এবং বাংলায় 'ভারতীয় প্রজাতন্ত্র'। ১৯৫০ সালে ভারতীয় সংবিধান চালু হওয়ার পর গত ৭৫ বছরে ব্যাপারটি নিয়ে কোনো বিতর্ক সৃষ্টি হয়নি। আমাদের কমিশন এই অপ্রয়োজনীয় নাম-পরিবর্তন কেন প্রয়োজনীয় মনে করল বুঝতে পারছি না। তবে, 'জনগণতন্ত্রী' কথাটি আপত্তিকর নয়। যেটা আপত্তিকর সেটা হলো একটি রাষ্ট্র 'জনগণতন্ত্রী' হলে সেখানে সমাজতন্ত্র রাষ্ট্রীয় মূলনীতিতে না থাকা। বিশ্বে যে কটি রাষ্ট্রের নাম জনগণতন্ত্রী, সেগুলোর সব কটিতে সমাজতন্ত্রকে রাষ্ট্রের মূলনীতির স্বীকৃতি দেওয়া হয়েছে।

৬. কমিশন সংসদের *৩৩-এর পৃষ্ঠায় দেখুন*

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন:
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

গ্রীন কার্ডধারীরা চরম শঙ্কায়

প্রথম পৃষ্ঠার পর

নিউইয়র্ক টাইমসহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন গণমাধ্যমের প্রতিবেদনের তথ্যমতে, সম্প্রতি নিউইয়র্কের কলোম্বিয়া বিশ্ব বিদ্যালয়ের শিক্ষার্থী ও যুক্তরাষ্ট্রের গ্রীন কার্ডধারী মাহমুদ খলিলকে গ্রেপ্তার করে বহিষ্কারের চেষ্টা করছে হোমল্যান্ড সিকিউরিটি কর্তৃপক্ষ। তাঁর বিরুদ্ধে ইসরায়েল বিরোধী ও ফিলিস্থিনপন্থী বিক্ষোভে নেতৃত্ব দেয়ার অভিযোগ আনা হয়। তবে নিউইয়র্কের ফেডারেল কোর্টের বিচারক মাহমুদের বহিষ্কারাদেশ সাময়িক স্থগিত করেন। সর্বশেষ তিনি নিউ জার্সিতে আইস এর ডিটেনশন সেন্টারে থাকায় সেখানকার আদালতে তার বিচারিক কার্যক্রম চালানোর নির্দেশ দেওয়া হয়। এ ছাড়া ওই ভার্সিটির আরেক শিক্ষার্থীকে একই অভিযোগে গ্রেপ্তার করা হয়। এদিকে ভারতীয় নাগরিক ওয়াশিংটন ডিসির জর্জটাউন ভার্সিটির ফেলো গবেষক বদর খান সুরিকে গ্রেপ্তার করে তার স্টুডেন্ট ভিসা বাতিল করে ডিপোর্ট করা প্রক্রিয়া শুরু করে ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থা। তাঁর বিরুদ্ধেও ফিলিস্থিনপন্তী অভিযোগ আনা হয়। তাঁর স্ত্রী ফিলিস্থিনী বংশোদ্ভুত ও আমেরিকান সিটিজেন।

এদিকে লেবাননী ও যুক্তরাষ্ট্রের ব্রাউন ইফনিভার্সিটি হাসপাতালের নারী চিকিৎসক ডা. রাশা আলাওয়েকে গত সপ্তাহে বিমানবন্দর থেকে ডিপোর্ট করে হোমল্যান্ড সিকিউরিটি। হিজবুল্লাহার সাথে সম্পৃক্ততা থাকার অভিযোগে তাঁকে ডিপোর্ট করা হয়। শুক্রবার ফ্রান্সের নাগরিক এক বিজ্ঞানী যিনি যুক্তরাষ্ট্রের ভিসাধারী, তাঁকে বর্তমান ট্রাম্প প্রশাসন বিরোধী মতামত প্রচারের অভিযোগে যুক্তরাষ্ট্রের বিমানবন্দর থেকে ডিপোর্ট করে ইমিগ্রেশন কর্তৃপক্ষ।

এছাড়া সম্প্রতি বাংলাদেশিসহ বিভিন্ন দেশের বেশ কয়েকজন গ্রীন কার্ডধারী যুক্তরাষ্ট্রে ফেরার পথে নিউইয়র্কে জেমফকে এয়ারপোর্ট ইমিগ্রেশন কর্তৃপক্ষের কঠিন জেরার মুখে পড়তে হয়েছে। এদের বেশ কয়েকজনকে দীর্ঘসময় বসিয়ে রেখে তাদের সাথে থাকা মোবাইলসহ কাগজপত্র চেক করা হয়।

এসব পরিস্থিতিতে ব্রাউন ইফনিভার্সিটিকতৃপক্ষ আন্তর্জাতিক ছাত্র ও কর্মীদের বিদেশে ভ্রমণ থেকে বিরত থাকতে বলেছে।কারণ তাদের বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক ডা. রাশা আলাওয়েয়িযিনি ওয়ার্ক পারমিটে যুক্তরাষ্ট্রে ছিলেন। নিজ দেশ লেবাননে গিয়ে ফেরত আসার সময় বহিষ্কৃত হন।

জাতীয় অভিবাসন আইন কেন্দ্রের আইনজীবী লিন দ্যামিয়ানো পিয়ারস ওয়ালস্ট্রীট জার্নালকে বলেন "আমরা অভিবাসন বিরোধী এমন ধরনের বৃদ্ধিরত কার্যক্রম বাস্তবায়নের সাক্ষী হচ্ছি, যা ট্রাম্প প্রশাসনের ক্ষমতায় আসার আগের প্রতিশ্রুতির চেয়ে বেশি।"

ওয়াল স্ট্রীট জার্নাল তাদের প্রতিবেদনে বলে, যখন বিদেশ থেকে অনাগরিকরা যুক্তরাষ্ট্রে ফিরে আসেন, তখন একজন ইমিগ্রেশন কর্মকর্তা সিদ্ধান্ত নিতে পারেন যে তাদের পুনরায় প্রবেশের অনুমতি দেওয়া হবে কি না। কর্মকর্তারা স্বাস্থ্য, অপরাধ, নিরাপত্তা এবং বিদেশী নীতির সমস্যা সহ বিভিন্ন কারণে তাদের অযোগ্য বিবেচনা করে যুক্তরাষ্ট্রে এন্ট্রি বাতিল করতে পারেন। ফিরিয়ে দেওয়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেন।

ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট অফিসাররা গ্রীনকার্ডধারীদের আটক করতে পারেন। তবে স্থায়ী বাসিন্দা গ্রীণকার্ডধারী তার বিষয়টি বিবেচনার জন্য ইমিগ্রেশন জাজ এর শরনাপন্ন কিংবা অভিবাসী কর্মকর্তারা তাকে বিচারকের সামনে হাজির করার আইনী বিধি রয়েছে। এরকম মামলা চলাকালে ইমিগ্রেশন কর্তৃপক্ষ আটক রাখতে পারেন গ্রীনকার্ডধারী ওই ব্যক্তিকে।

গ্রীন কার্ডধারীদের অনির্দিষ্ট সময়ের জন্য যুক্তরাষ্ট্রে থাকার অধিকার নেই ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের এমন বক্তব্য ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ওঈউ)-এর অভিযানে সাম্প্রতিক অভিবাসী গ্রেপ্তারের ঘটনায় গ্রীন কার্ডধারীদের মনে আতঙ্ক বাড়িয়েছে। কিছু গ্রীন কার্ডধারী বিদেশ ভ্রমণ ঝুঁকিপূর্ণ মনে করছেন, কারণ তারা ফিরে আসার পথে আটক বা বিতাড়িত হওয়ার আশঙ্কা করছেন। এছাড়া ভিন্ন জাতি ও ধর্মের নির্দিষ্ট পোশাক এবং সংস্কৃতিক কর্মকান্ড পরিচালনা ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। ইমিগ্রেশন আইন অনুযায়ী, গ্রিন কার্ডধারীরা নির্দিষ্ট অপরাধে জড়িত হলে তাদের বিতাড়িত করা যেতে পারে। তবে "বিদেশ নীতিতে নেতিবাচক প্রভাব" বিষয়টি খুবই অস্পষ্ট এবং এর প্রয়োগ নিয়ে বিশেষজ্ঞরা উদ্বেগ প্রকাশ করছেন। বিশেষজ্ঞ লাতোয়া ম্যাকবিন পম্পি মনে করেন গ্রীন কার্ডধারীদের অধিকার রক্ষায় যথাযথ প্রক্রিয়াগুলোর প্রতি সম্মান দেখানো উচিত।

বিশেষজ্ঞ ডেভিড লিওপোল্ড বলেন, এই পরিস্থিতি উদ্বেগজনক কারণ এটি ভবিষ্যতে আরও বৈধ অভিবাসীদের ডিপোর্টেশনের লক্ষ্যবস্তুতে ফেলতে পারে।

বিশেষজ্ঞদের পরামর্শ, যেকোনো ধরনের ভ্রমণের আগে অভিজ্ঞ ইমিগ্রেশন আইনজীবীর পরামর্শ নেওয়া উচিত। সব প্রয়োজনীয় নথি সবসময় হাতের কাছে রাখা জরুরি।এই ধরনের পরিস্থিতি নিয়ে কমিউনিটিতে আলোচনা করা এবং সচেতনতা বাড়ানো প্রয়োজন।

গ্রিন কার্ডধারীদের এই ধরনের উদ্বেগ বোঝা যায় এবং এটি একটি গভীর সামাজিক ও রাজনৈতিক ইস্যু হয়ে দাঁড়িয়েছে।

কেনটাকি বিশ্ববিদ্যালয়ের আইন স্কুলের সহকারী অধ্যাপক ম্যাথিউ বোয়াজ বলেন, 'যুক্তরাষ্ট্রের নাগরিকরাও বিদেশ থেকে ফিরে আসার সময় কিছু পরীক্ষার সম্মুখীন হন। কিছু ক্ষেত্রে, অভিবাসন এজেন্টরা অনুসন্ধান করতে পারে, যার মধ্যে তাদের ফোনের বিষয়বস্তুও দেখতে পারেন। তাছাড়া এক্ষেত্রে একজন ব্যাক্তি যদি আমেরিকার নাগরিকত্ব লাভে জালিয়াতির অভিযোগে অভিযুক্ত না হন, তাহলে তাদের পুনরায় দেশে প্রবেশ থেকে আটকানো হবে না।

ট্রাম্প প্রশাসন একাধিক দেশের বিরুদ্ধে ভ্রমণ নিষেধাজ্ঞা আনতে যাচ্ছেন। যদিও চূড়ান্ত তালিকা এখনো প্রকাশ হয়নি। এই নিষেধাজ্ঞা মধ্যপ্রাচ্যের বেশ কয়েকটি দেশ বা মুসলিম সংখ্যাগরিষ্ঠ জনসংখ্যার দেশগুলোকে অন্তর্ভুক্ত করার সম্ভাবনা রয়েছে। এসব দেশের নাগরিক যুক্তরাষ্ট্রের গ্রীনকার্ডধারী হলেও বিদেশ থেকে ফেরার পথে ডিপোর্ট হতে পারেন। এসব দেশে ভ্রমণকারী যে কোন গ্রীনকার্ডধারীরাও ডিপোর্টসহ নানা জটিলতায় পড়তে পারেন। এছাড়া যুক্তরাষ্ট্র অভিবাসন কর্তৃপক্ষ সার্বক্ষণিক নজরদারিতে রাখতে পারে যে কোন গ্রীনকার্ডধারী এবং বিভিন্ন অভিবাসী সিটিজেন নাগরিককেও।

এ বিষয়ে এটর্নি মীর মিজানুর রহমান বলেন, বর্তমানে আমেরিকার ট্রাম্প প্রশাসন অভিবাসীদের জন্য খুবই কঠোর অবস্থানে আছে। এখন শুধু অবৈধরা না, যেকোন বৈধ স্ট্যাটাসধারী অভিবাসী যেমন গ্রীন কার্ড আছে তারাও বর্তমান পরিস্থিতিতে এদেশের ইমিগ্রেশন আইনের মুখোমুখি হতে পারেন। আমরা জানি যে ফার্স্ট এমেন্ডমেন্ট রাইটস নিয়ে যে কেউ এদেশে থেকে নিজের মতামত প্রকাশ করতে পারতেন। কিন্তু এখন সেটা আর দেখানোর সুযোগ নেই। এখন আমেরিকার গভর্নমেন্ট এর বিরুদ্ধে কথা বললে বিপাকে পড়তে পারেন। এদেশের পররাষ্ট্র নীতি কিংবা জাতীয় নিরপত্তার হুমকি এমন কিছু কাজ বা কোন মতামত প্রকাশ করলে যেকোন বৈধ অভিবাসী ইমিগ্রেশন আইনের মাধ্যমে হোমল্যান্ড সিকিউরিটি প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে। আরেকটা বিষয় সচেতন থাকতে হবে, সেটি হলো আমেরিকা কর্তৃক যেকোন দেশের কোন গোষ্ঠি বা ব্যক্তিকে জঙ্গী ও উগ্রবাদ হিসেবে চিহ্নিত করে ঘোষণা দিয়েছে। আর তার পক্ষে যদি কেউ সামান্যতম পক্ষপাতমূলক কোন মতামত প্রকাশ করেন আর তিনি যদি গ্রীনকার্ডধারী অথবা অভিবাসন নীতির মাধ্যমে সিটিজেনশীপ গ্রহণ করেন তাকেও বর্তমান প্রশাসন গ্রীনকার্ড কিংবা সিটিজেনশীপ বাতিল করতে পারে। এজন্য কংগ্রেসে পাশ হওয়া একটি আইন আছে, সেটি প্রয়োগ করতে পারে প্রশাসন। কখনোই ক্রিমিনাল এক্টিভিটিস ও জালিয়াতিতে অভিযুক্ত না হোন সেদিকে সচেতন থাকতে হবে।

তিনি আরো বলেন, যারা গ্রীনকার্ডধারী তারা ঘন ঘন বিদেশ অথবা নিজের দেশে যাওয়া আসা করেন। তারা এখন সে ব্যাপারে সতর্ক থাকতে হবে। এছাড়া যারা এসাইলামের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন তারা সিটিজেনশীপ পাওয়ার আগে ভুলেও দেশে যাবেন না। দেশ থেকে ফেরার পর এখানে ইমিগ্রেশন কর্তৃপক্ষ এদেশে প্রবেশ করতে নাও দিতে পারে।

এক স্লিপ

শেষ পৃষ্ঠার পর

প্রবাসীদের একটি-ই কথা। আগে দেশ রক্ষা করতে হবে। আর এজন্য সর্বাগ্রে প্রয়োজন 'দেশপ্রেম'। সকল কিছুর আগে সবার মাঝে 'দেশপ্রেম' জাগ্রত হলে অনেক সমস্যার সমাধান হবে এবং দেশ সঠিক পথে এগুবে। *২৩ মার্চ ২০২৫*

অবৈধ অভিবাসীর ঠিকানা খুঁজতে

প্রথম পৃষ্ঠার পর

এতে অন্যান্য করদাতাদের মতো অনথিভুক্ত অভিবাসীদের নাম, ঠিকানাসহ সকল তথ্য আইআরএস ডাটাবেজে সংরক্ষিত থাকতো। সপ্তাহ দুয়েক আগে অবৈধ অভিবাসীদের ঠিকানা খুঁজতে ও নিশ্চিতে করদাতাদের তথ্য এক্সেসের জন্য আইআরএসকে অনুরোধ করেছিলো হোমল্যান্ড সিকিউরিটি। আইন অনুযায়ী করদাতার তথ্য অন্য কোন ডিপার্টমেন্টকে প্রদান নিষিদ্ধ ছিলো। তাই আইআরএস তাদের ডাটাবেজে হোমল্যান্ড সিকিউরিটিকে এক্সে প্রদানে অসম্মতি জানায়। পরবর্তীতে নির্দিষ্ট কিছু শর্তের ভিত্তিতে আইআরএস ডাটাবেজ থেকে নির্দিষ্ট করদাতাদের তথ্য প্রদানে ইন্টারনাল রেভিনিউ সার্ভিস ও হোমল্যান্ড সিকিউরিটর মধ্যে চুক্তি হচ্ছে। এই চুক্তির মাধ্যমে ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট আইআরএসকে অবৈধভাবে যুক্তরাষ্ট্রে বসবাসকারী ব্যক্তিদের নাম ও ঠিকানা প্রদান করবে। এরপর আইআরএস ওই তথ্যগুলিকে ক্রস-চেক করে নিশ্চিত করবে এবং অবৈধভাবে অবস্থানকারী অভিবাসীর নাম ঠিকানাসহ সকল তথ্য আইসকে জানাবে।

প্রতিবেদনে আরো বলা হয়, এতে করে সুনির্দিষ্টভাবে করদাতাদের তথ্য সুরক্ষার বিষয়টি লঙ্ঘন হবে। আইআরএস সাধারণত করদাতা তথ্য গোপন রাখে এবং আইন অনুযায়ী করদাতাদের তথ্য অনুপযুক্তভাবে প্রকাশ করা নিষিদ্ধ। এজন্য আইআরএস অবৈধ অভিবাসীদের কর ফাইল করার জন্য উৎসাহিত করেছে, যার ফলে তারা তাদের ঠিকানা, কর্মস্থল এবং আয়ের তথ্য প্রদান করে থাকে। সর্বশেষ তথ্যনুযায়ী ৫.৮ মিলিয়ন লোক যুক্তরাষ্ট্রে আইটিআইএন এর মাধ্যমে ট্যাক্স ফাইলের মাধ্যমে কর প্রদান করে আসছেন। যদি এসব করদাতার তথ্য গোপন রাখা না হয় তাহলে ট্যাক্স ফাইল করার বিষয়ে নিরোৎসাহিত হবে এসব করদাতারা।

শিকাগোর দুটি অভিবাসী অধিকার সংস্থা ট্রেজারি ডিপার্টমেন্ট এবং হোমল্যান্ড সিকিউরিটিএর বিরুদ্ধে মামলা করেছে। তারা যুক্তি দিচ্ছে যে, যুক্তরাষ্ট্রের ট্যাক্স কোড অনুযায়ী আইস ও ডিওএইচএস এই ধরনের তথ্য পাওয়ার অধিকার রাখেনা।

৩১ মার্চের মধ্যে নিউইয়র্ক সিটির সাবওয়ে নিরাপদ করার নির্দেশ

প্রথম পৃষ্ঠার পর

অসাধারন করার আহ্বান জনিয়ে গভর্ণরের দৃষ্টি আকর্ষণ করে বলেছেন যে, আগামী ৩১ মার্চের মধ্যে সাবওয়ের পরিবর্তন না ঘটলে ফেডারেল সহায়তা বন্ধ হওয়ার আশংকা রয়েছে।

নিউজার্সির মরিস কাউন্টিতে শনিবার আয়োজিত এক সংবাদ সম্মেলনে পরিবহন সচিব শন ডাফি নিউইয়র্ক সিটির সাবওয়ে ব্যবস্থার অনিয়ম তুলে ধরেন এবং গভর্নর ক্যাথি হোকুলকে ট্রানজিট ব্যবস্থায় নিরাপত্তা এবং গৃহহীনতার সমস্যাগুলো অবহেলা করার অভিযোগ করেন। তিনি গভর্ণরের উদ্দেশ্যে বলেন, "আপনি যদি চান যে মানুষ ট্রেনে ভ্রমণ করুক, তাহলে এটি নিরাপদ করুন, পরিষ্কার করুন, সুন্দর করুন, অসাধারণ করুন'। সংবাদ সম্মেলনে শন ডাফি আরো বলেন, "তিনি কয়েক ঘন্টার মধ্যে এটি ঠিক করতে পারেন, দিনে নয়, সপ্তাহে নয়, মাসে নয়, ঘন্টার মধ্যে। এবং তিনি তা না করার সিদ্ধান্ত নেন,"

অপরাধ, ভাড়া ফাঁকি এবং সংস্থা কীভাবে নিরাপত্তা উন্নত করার পরিকল্পনা করছে সে সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য ডাফি এমটিএ'র সিইও এবং চেয়ারম্যান জ্যানো লিবারের কাছে একটি চিঠি পাঠানোর কয়েকদিন পর এই মন্তব্য করেন। চিঠিতে এমটিএ'র কাছে ৩১ মার্চ পর্যন্ত সময় দেয়া হয়েছে। সংবাদ সম্মেলনে ডাফি সতর্ক করে দিয়ে বলেছেন যে, নির্ধারিত সময়ে এটি করতে ব্যর্থ হলে ফেডারেল তহবিল প্রত্যাহার করা হতে পারে।

প্রসঙ্গত, নিউইয়র্ক সিটির সাবওয়ে এবং রেল গাড়ির আপগ্রেড এবং সিস্টেম অ্যাভেসিবিলিটি সহ প্রকল্পগুলোর তহবিলের জন্য এমটিএ ফেডারেল সহায়তার উপর ব্যাপকভাবে নির্ভর করে এবং বছরে প্রায় ২.৫ বিলিয়ন ডলার অনুদান পায়।

এদিকে এমটিএ'র একজন মুখপাত্র বলেন যে সংস্থাটি ২০২০ সাল থেকে ট্রানজিট অপরাধ উল্লেখযোগ্য হ্রাস এবং গত গ্রীষ্ম থেকে ভাড়া ফাঁকি হ্রাস পেয়েছে। গর্ভনর হোকুল সাবওয়েতে টহলরত ন্যাশনাল গার্ড সৈন্যের সংখ্যা বৃদ্ধি করেছেন এবং প্রতিটি রাতের ট্রেনে দুজন করে অফিসার রাখার জন্য এনওয়াইপিডি-কে নির্দেশ দিয়েছেন।

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

আছিয়া হত্যার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী

বাংলাদেশে নারী-শিশু ধর্ষণের প্রতিবাদে নিউইয়র্কে সমাবেশ

নিউইয়র্ক: বাংলাদেশে অব্যাহত নারী-শিশু ধর্ষণ, নিপীড়নের প্রতিবাদ এবং আছিয়া হত্যার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে নিউইয়র্কে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গত ১৬ মার্চ রোববার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের ডাইভার সিটি প্লাজায় বাংলাদেশ উদীচী শিল্পী গোষ্ঠী যুক্তরাষ্ট্র শাখা, প্রগ্রেসিভ ফোরাম ইউএসএ ও মহিলা পরিষদ যুক্তরাষ্ট্র যৌথভাবে এই সমাবেশের আয়োজন করে। সমাবেশ থেকে দেশের সর্বত্র নারী বিদ্বেষী প্রচার-প্রপাগান্ডা বন্ধের দাবী জানানো হয়।

প্রগ্রেসিভ ফোরামের সহ-সভাপতি ড. ওবায়দুল্লাহ মামুনের সভাপতিত্বে সমাবেশে বক্তারা নারী-শিশু ধর্ষণ, নিপীড়নের তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগের দাবী করেন। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রগ্রেসিভ ফোরামের সহ-সভাপতি জাকির হোসেন বাচ্চু, উদীচী যুক্তরাষ্ট্র শাখার প্রাক্তণ সাধারণ সম্পাদক আলীম উদ্দিন, নারী নেত্রী লিলি মজুমদার, উদীচী জ্যামাইকা শাখার সভাপতি আশীষ রায় ও সাধারণ সম্পাদক হিরো চৌধুরী, মহিলা পরিষদ যুক্তরাষ্ট্র'র সাধারণ সম্পাদক সুলেখা পাল প্রমুখ। সভা সঞ্চালনা করেন উদীচী যুক্তরাষ্ট্র শাখার সাধারণ সম্পাদক কল্লোল দাস।

সমাবেশে জাকির হোসেন বাচ্চু বলেন, সাম্প্রতিক সময়ে দেশব্যাপী ছিনতাই, হামলা, চাঁদাবাজি, ধর্ষণের মত অপরাধ বেড়ে যাওয়া ও দেশব্যাপী আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটেছে। তিনি এর বিরুদ্ধে সবাইকে রুখে দাঁড়ানোর আহ্বান জানান। -প্রেস বিজ্ঞপ্তি।





NUR BEPARY AUTO REPAIR
& BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

বিসমিল্লাহির রাহমানির রাহীম

ত্যাগের মহিমায় উদ্ভাসিত হোক সবার জীবন

পবিত্র ঈদ-উল-ফিতর

সবার জীবনে বয়ে আনুক

অনাবিল সুখ, শান্তি ও সমৃদ্ধি

সবাইকে পবিত্র

পবিত্র ঈদ-উল-ফিতরের

শুভেচ্ছা ও

ঈদ মোবারক





Midea Mechanical

GREE

তোফায়েল চৌধুরী
প্রেসিডেন্ট

GREE MECHANICAL YONKERS

আমাদের কল করুন

914-222-9477 or 914-989-0089

Gree Mechanical Yonkers

1900 Central Park Ave, Yonkers, NY 10710

টাঙ্গাইল সোসাইটির ইফতার মাহফিল অনুষ্ঠিত

শেষ পৃষ্ঠায় পর (১৭ মার্চ) নিউইয়র্ক সিটির জ্যামাইকার আল আসকা পার্টি হলে এই ইফতার মাহফিলের আয়োজন করা হয়। এতে আমন্ত্রিত অতিথি ছিলেন টাঙ্গাইলের কৃতি সন্তান, বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক-এর সাবেক সভাপতি ডা. এম এম বিল্লাহ, বিশিষ্ট চিকিৎসক প্রফেসর ডা. মজিবুল হক, ডা. ইকবাল রাশেদ রানা ও বিশিস্ট ব্যবসায়ী দেওয়ান মেহেদী। খবর ইউএনএ'র।

মাহফিলের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মওলানা সাইফুল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি শামসুজ্জামান খান। এরপর অতিথিরা শুভেচ্ছা বক্তব্য রাখেন। এই ইফতার মাহফিলে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সহ প্রায় তিন শ' প্রবাসী টাঙ্গাইলবাসী সপরিবারে অংশ নেন বলে সংগঠনের কর্মকর্তারা জানান। সংগঠনের সভাপতি শামসুজ্জামান খান ও সাধারণ সম্পাদক আশরাফ আলী ভূইয়া টনি ও কার্যকরী পরিষদের কর্মকর্তারা অনুষ্ঠানে আগত অতিথি ও টাঙ্গাইলবাসীদের স্বাগত জানান।

অনুষ্ঠানে সংগঠনের সাবেক কর্মকর্তাদের মধ্যে সাবেক সভাপতি আব্দুস সালাম, মোহাম্মদ রফিকুল ইসলাম, খন্দকার মাহবুব হোসেন, আশরাফুল আলম জঙ্গী, দেওয়ান আমিনুর রহমান, মোহাম্মদ মিজানুর রহমান খান আপেল, সাবেক সম্পাদক সম্পাদক মির্জা এ আলম, মোহাম্মদ মজিবুর রহমান, খন্দকার মনিরুজ্জামান খান প্রমুখ উপস্থিত ছিলেন।

বার্ষিক ইফতার মাহফিল সফল করায় সকল প্রবাসী টাঙ্গাইলবাসীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন সভাপতি শামসুজ্জামান খান ও সাধারণ সম্পাদক আশরাফ আলী ভূইয়া টনি।







ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

www.populardrivingschoolny.com

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)

বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে

(Operate by JH office)

OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ট্রাম্প প্রশাসনের ঘোষণা :-

ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে যে কানাডার নাগরিকরা ইউএসএ ৩০ দিনের অধিক অবস্থান করলে তাদের ইমিগ্রেশন কর্তৃপক্ষের কাছে নাম রেজিস্টার করতে হবে আইনটি বলবৎ হওয়ার পর কানাডিও পরিদর্শকদের ব্যাকগ্রাউন্ড চেক করার জন্য তাদের বায়োগ্রাফি তথ্য এবং ফিঙ্গারপ্রিন্ট দাখিল করতে হবে নেশনালিটি আইন অনুযায়ী ১৪ বছরের বা তদূর্ধ্ব বয়সী নাগরিকদের ইউ এস গভর্নমেন্ট রেজিস্টার করতে এবং ফিঙ্গারপ্রিন্ট জমা দিতে হবে যদি তারা ৩০ দিনের অধিক অবস্থান করেন। আইনটি বহু বছর ধরে থাকলেও, কানাডিয়ান নাগরিক যারা স্থল সীমানা দিয়ে ইউ এস এ প্রবেশ করত তাদের ক্ষেত্রে সব সময় প্রয়োগ করা হতো না। নতুনভাবে কার্যকর হওয়ায় এক মাসের অধিক কানাডার নাগরিকরা অবস্থান করলে তাদের ইউ এস এর সিটিজেনশিপ এট ইমিগ্রেশন সার্ভিসেস ইউএসবিআইএস তে একটি একাউন্ট খুলতে হবে এবং ফিঙ্গারপ্রিন্ট এর জন্য একটি সাক্ষাৎকারের সময় নিতে হবে এসব করতে যারা ব্যর্থ হবে তাদের জরিমানা গুনতে হবে গ্রীন কার্ড ধারীরা এবং যারা ভিসা নিয়ে আসবে তাদের ক্ষেত্রে শাস্তি বলতে হবে না তবে যেসব কানাডিও এই আইন মানবে না তাদের জরিমানার সম্মুখীন হতে হবে যদিও এক্ষেত্রে আইন বলবৎ এর ব্যাপারে এখনো অসম্পূর্ণতা রয়েছে। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ এখনো কোন মন্তব্য করেনি বা কিভাবে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে সে বিষয়ে বিস্তারিত জানা যায় নাই।

রিয়েল বা প্রকৃত আইডি:-

রিয়েল আইডি অ্যাক্ট একটি ফেডারেল আইন আইনটি স্টেট ইস্যু করা আইডি বা ড্রাইভার্স লাইসেন্স এবং আইডেন্টিফিকেশন কার্ড প্রতিষ্ঠিত হয় কঠোর নিরাপত্তা মান বজায় রাখার লক্ষ্যে মে ৭ ২০২৫ সাল থেকে প্রত্যেক ইউএস ট্রাভেলর যাদের বয়স ১৮ বা তদুর্ধদের জন্য একটি সমতুল্য লাইসেন্স বা অন্য গ্রহণযোগ্য পরিচয় পত্র যেমন পাসপোর্ট ডোমেস্টিক ফ্লাইটে চলার জন্য এবং কতিপয় ফেডারেল স্থাপনায় প্রবেশের জন্য প্রয়োজন হয়।

রিয়েল বা প্রকৃত আইডি কি?

রিয়েল আইডি হচ্ছে সিকিউরিটি এনহান্স ড্রাইভারস লাইসেন্স বা তেমন আইডেন্টিফিকেশন কার্ড যা হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট ডিএইচএস প্রণীত ফেডারেল মান মেটাবে কংগ্রেস ৯১১ এরপর নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে ২০০৫ সালে রিয়েল আইডি এক পাস করে আইনটি কিছু নির্দিষ্ট পরিচয় নিশ্চিত করতে ইস্যু করা হয়।

রিয়েল আইডি কখন কার্যকর হয়?

রিয়েল আইডির সময়সীমা বৃদ্ধি করা হয়েছে অনেকবার মানে এর মেয়াদ মেয়ে ৭ ২০২৫ পর্যন্ত বাড়ানো হয়েছে এই তারিখের পর ইউএসএ বসবাসকারীদের এই রিয়াল কার্ড এর সঙ্গে এর সমমান সম্পন্ন অন্য কোন ফেডারেল অনুমোদিত কার্ড প্রয়োজন হবে ইউএস এর মধ্যে ডোমেস্টিক কোন ফ্লাইটে ভ্রমণের জন্য ফেডারেল ভবন এবং সামরিক ঘাঁটিতে ঢুকতে হলে।

রিয়েল আইডি পাওয়ার উপায়:-

রিয়েল আইডি প্রত্যেক স্টেট এর মটর ভেহিকেল ডিপার্টমেন্ট (ডিএমভিএস) ইস্যু করে থাকে এই আইডির জন্য সশরীরে স্থানীয় ডিএমভি অফিসে যেতে হবে এবং নিম্নে বর্ণিত প্রমাণাদি দাখিল করতে হবে।

১. পরিচয়ের প্রমাণ প্রুফ অব আইডি একটি বৈধ পাসপোর্ট জন্ম সনদ (বার্থ সার্টিফিকেট) বা পার্মানেন্ট রেসিডেন্ট কার্ড (গ্রীন কার্ড)।
২. সোশ্যাল সিকিউরিটি নম্বরের প্রমাণপত্র সোশ্যাল সিকিউরিটি কার্ড, ডব্লিউ ২ অথবা পে স্টাব যেখানে থাকবে সম্পূর্ণ এস এস এন।
৩. স্টেট রেসিডেন্সির প্রমাণ: ইউটিলিটি ভাড়ার চুক্তি বা ব্যাংক স্টেটমেন্ট যাতে থাকে আপনার বর্তমান ঠিকানা।
৪. নাম পরিবর্তনের প্রমাণপত্র(প্রযোজ্য হলে): বৈবাহিক সনদ ম্যারেজ সার্টিফিকেট তালাকনামা বা কোর্টের আদেশ যদি আপনার বর্তমান নাম জন্ম সনদের নাম হ্যাক হয়।



প্রত্যেক স্টেট এর নিয়ম কানুন:-

কোন কোন ক্ষেত্রে সামান্য পার্থক্য হতে পারে এক্ষেত্রে আপনি আপনার স্টেটের ডিএমবির ওয়েবসাইট চেক করে নেবেন আবেদন করার পূর্বে।

আপনার কি রিয়াল আইডি দরকার?

রিয়েল আইডি কারো জন্য বাধ্যতামূলক নয় আপনি যদি রিয়াল আইডি না চান তবে সে ক্ষেত্রে আপনার ফেডারেলের গ্রহণযোগ্য পরিচয় পত্র যেমন–

* বৈধ (us passport) ইউএস পাসপোর্ট কার্ড।
* ইউএস মিলিটারি কার্ড।
* ড এইচ এস ট্রাস্টেড ট্রাভেলার কার্ড। (যেমন গ্লোবাল এন্ট্রি নেক্সাস বা এন্ট্রি)।

যদি আপনি প্রায়শ দেশের ভেতর ভ্রমণ করেন এবং যদি ভ্রমণের জন্য পার্মানেন্ট সরি পাসপোর্ট সঙ্গে নিতে না চান সে ক্ষেত্রে রিয়াল আইডি অনেক স্বস্তিদায়ক।

সর্বশেষ তথ্য জানতে ডি এ ই এস এর রিয়েল আইডি ওয়েবসাইটে দেখুন।

এপ্রিল ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টেট ডিপার্টমেন্ট ডিওএস এপ্রিল ২০২৫ এর ভিসা প্রকাশ করেছে নিম্নে এপ্রিল ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএস সি আই এস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে এই তারিখের পূর্বে।

এপ্রিল ২০২৫ ভিসা সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি নেই। অর্থাৎ খুব সামান্য অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্সেস:

প্রথম: (এক ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা: মার্চ ১৫, ২০১৬ ।

দ্বিতীয়: পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ.(এফ ২) : পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), এবং ২১ নিম্ন বয়সের সন্তান, জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ ২বি): পার্মানান্ট রেসিডেন্সদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সি) মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফএ) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা, এপ্রিল ১ ২০১১।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোন, আগষ্ট ০১, ২০০৭।

চাকরিভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: **২১২-৫১৩-৭৪৭৪**

ফ্যাক্স: **৯১৪-৪৬২-৩৯৯০**

ই-মেইল:

kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates | السعودية SAUDIA | الاتحاد ETIHAD AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগঃ
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT	8 Weeks Course 4 Hours Each Class Total 32 Classes (4 days/week) Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm	Get 25% Discount sign up by 4th July
SHSAT	8 Weeks Course 5 days/week Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm	
COMMON CORE MATH & ENGLISH	1st Grade to 6th Grade 8 weeks course 3 Hrs./day, 4 days/week Cost : 600.00	

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082



গ্লোবাল ট্যুরস এন্ড ট্রাভেলস'র ইফতার

শেষ পৃষ্ঠায় পর



করেন আব্দুর রহমান খান। বিশেষ অতিথি ছিলেন জেবিবিএ এর প্রেসিডেন্ট গিয়াস আহমেদ, বারি হোমকেয়ার এর কর্ণধার আসেফ বারী টুটুল, আশা হোম কেয়ার এর সিইও আকাশ রহমান, গ্লোবাল টুরস ও ট্রাভেলস এর চেয়ারম্যান মোহাম্মদ নাসির উদ্দিন, ডিজিটাল বাংলা ট্রাভেলসের কর্ণধার বেলায়েত হোসেন বেলাল, সানম্যান গ্লোবাল কর্পোরেশনের সিইও মাসুদ রানা তপন, কুয়েত এয়ার ওয়েসের সিনিয়র অ্যাকাউন্টস ম্যানেজার মিস্টার রাজ, ইথোপিয়ান এয়ারলাইন্সের এ্যানি খান। এসময় উপস্থিত ছিলেন আব্দুল মালেক,সেলিম হারুন, মোরশেদ আহমেদ, মোহাম্মদ নোমান, তৌহিদ মাহবুব মুন্না, মোহাম্মদ কাশেম, আমিনুল ইসলাম চৌধুরী,আনোয়ারুল ইসলাম ও আহমেদ ফরিদ। ও সিনিয়র সাংবাদিকবৃন্দ ইফতার মাহফিল উপস্থিত ছিলেন।

যুক্তরাষ্ট্র তথা নিউইয়র্কে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের সাশ্রয়ী মূল্যে বিমান টিকেট ও ট্রাভেল সুবিধা দেয়ার আশ্বাস দেন বিভিন্ন এয়ার সংস্থা ও ট্রাভেল বিজনেসের সাথে জড়িত কর্তৃপক্ষ।



MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

NIGAR SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD



Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration

*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ



Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

ভালো'র ইফতার-ডিনার আয়োজন








শেষ পৃষ্ঠায় পর রমজানের মহিমা উদযাপন ও গুরুত্বপূর্ণ সামাজিক ইস্যু নিয়ে আলোচনা। অনুষ্ঠানের সূচনায় স্বাগত বক্তব্য রাখেন ভালোর অ্যাক্টিকিউটিভ ডিরেক্টর শারিয়ার রহমান। এরপর একে একে বক্তব্য রাখেন লেফটেন্যান্ট গভর্নর আন্তোনিও ডেলগাডো, কনসাল জেনারেল নাজমুল হুদা, পাবলিক অ্যাডভোকেট জুমানে ডি. উইলিয়ামস, এনওয়াইসি কাউন্সিল স্পিকার অ্যাড্রিয়েন ই. অ্যাডামস, অ্যাসেম্বলি মেম্বার জোহারান কে. মামদানি, কাউন্সিল মেম্বার শেখার কৃষ্ণান, লিন্ডা লি, জুলি ওয়ান, এনওয়াইসি গঙওঅ কমিশনার ম্যানুয়েল ক্যাস্ত্রো ও কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস। বক্তারা অভিবাসীদের অধিকার, সামাজিক ন্যায়বিচার এবং অর্থনৈতিক উন্নয়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এ সময় ভালো তার পূর্ববর্তী কার্যক্রম পর্যালোচনা এবং ভবিষ্যৎ পরিকল্পনা উপস্থাপন করে। যার মধ্যে রয়েছে- একটি কমিউনিটি সেন্টার নির্মাণ, অটিজম সচেতনতা কর্মসূচি ও মানসিক স্বাস্থ্য ক্লিনিক চালুর পরিকল্পনা।

বিশেষ ভিডিও প্রেজেন্টেশনের মাধ্যমে নিউইয়র্ক এবং বাংলাদেশে ভালো'র সমাজসেবামূলক বিভিন্ন কার্যক্রম তুলে ধরা হয়। যেখানে খাদ্য নিরাপত্তা, শিক্ষা এবং নাগরিক সম্পৃক্ততা বিষয়ে সংস্থার বিভিন্ন গুরুত্বপূর্ণ ভূমিকা প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের, সমাজে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য, সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানের শেষ পর্যায়ে অতিথিরা একসঙ্গে ইফতার ও মাগরিবের নামাজ আদায় করেন।

এই আয়োজনে অংশগ্রহণকারী সব অতিথি, বক্তা, সহযোগী প্রতিষ্ঠান এবং স্বেচ্ছাসেবকদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।





'গ্রী ম্যাকানিক্যালস ইয়াংকার্স'র ইফতার মাহফিল







শেষ পৃষ্ঠায় পর তোফায়েল চৌধুরী লিটন। এসময় তিনি আসন্ন ঈদুল ফিতরের আগাম শুভেচ্ছাও জানান। মাহফিলে প্রতিষ্ঠাটির সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশ নেন। মাহফিলে বিশেষ দোয়া পরিচালনা করেন দারুল আহনাফ নিউইয়র্ক-এর প্রিন্সিপাল মোহাম্মদ হামিদুর রহমান আশরাফ।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে সাবেক সংসদ সদস্য ও ঠিকানা গ্রুপের চেয়ারম্যান এম এম এ শাহীন, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান, টাইম টেলিভিশন পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু, টিবিএন-২৪ চ্যানেলের ভাইস প্রেসিডেন্ট এএমএফ মিসবাহউজ্জামান, ইউএসএনিউজ.কম সম্পাদক সাখাওয়াত হোসেন সেলিম, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা সভাপতি মঈনুল ইসলাম, সাবেক সভাপতি বদরুন নাহার খান মিতা, মেঘনাট্রাভেলস প্রেসিডেন্ট এম এম রহমান, আহাদ আলী সিপিএ, আসা হোম কেয়ারের স্বত্বাধিকারী আকাশ রহমান, বন্ধর সেলিম, বিশিষ্ট ব্যবসায়ী সাইমন চৌধুরী, ফরহাদ চৌধুরী, আতিকুল ইসলাম, মর্টগেজ লোন অফিসার নাঈদ টুটুল, রাজনীতিক আবু সাঈদ আহমদ, আব্দুল বাতেন, রিয়েল এস্টেট ব্যবসায়ী সারোয়ার খান বাবু, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ফাহাদ সোলায়মান, মঈনুজ্জামান চৌধুরী, মঞ্জুর চৌধুরী, বেলাল চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।







জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ইফতার মাহফিল

শেষ পৃষ্ঠায় পর

সংগঠনের সভাপতি ফকরুল ইসলাম দেলোয়ার। ইফতারের আগে পবিত্র কোরআন তেলোয়াত, মাহে রমজানের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে আলোচনা এবং বিশ্ব মুসলিম উম্মাহর শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

ইফতার মাহফিলে অংশ নেন কংগ্রেসওম্যান গ্রেস মেং ও নিউইয়র্ক সিটির পাবলিক অ্যাডভোকেট জুমানা উইলিয়ামসসহ মূলধারার রাজনীতিবিদসহ বিভিন্ন পেশাজীবী মানুষ। মুসলিম বাংলাদেশি আমেরিকান কমিউনিটির ভূয়সী প্রসংশা করেন কংগ্রেসওম্যান গ্রেস মেং, পাবলিক অ্যাডভোকেট জুমানা উইলিয়ামস ও নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিম্যান জন ল্যু। কংগ্রেসওম্যান গ্রেস মেং বলেন, ওয়াশিংটনে আমাদের প্রতিদিন নানা প্রতিবন্ধকতার মুখোমুখি হতে হচ্ছে। বিশেষ করে ইমিগ্র্যান্টদের জন্য আমাদের ফাইট করতে হচ্ছে।

সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রিজু, সিনিয়র সহ-সভাপতি এ এফ মিসবাহউজ্জামান ও সদস্য সচিব ইসমাইল হোসেন স্বপনের পরিচালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, বিশিষ্ট ব্যবসায়ী নুরুল আজিম, বিশিষ্ট ব্যবসায়ী বিলাল চৌধুরী, সংগঠনের প্রধান উপদেষ্টা ওসমান গণি, বিশিষ্ট লোন অফিসার আকিব হোসেন, জ্যামাইকা বাংলাদেশ সোসাইটির সহ-সভাপতি আহসান হাবিব, সাধারণ সম্পাদক সৈয়দ রাব্বি, উপদেষ্টা রেজাউল করিম, জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ফাহাদ সোলায়মান, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সাবেক সভাপতি সাইফুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক জে মোল্লা সানি, প্রধান সমন্বয়কারী এনায়েত হোসেন জালাল প্রমুখ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন- সংগঠনের উপদেষ্টা ডা. ওয়াজেদ এ খান, অধ্যাপিকা হুসনে আরা বেগম, ছদরুন নূর, আমিনুল ইসলাম চন্নু, জালালাবাদ অ্যাসোসিয়েশনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, আরেক অংশের কোষাধ্যক্ষ মইনুজ্জামান চৌধুরী, জেবিবিএর কর্মকর্তা আতিকুল ইসলাম জাকির, বিশিষ্ট ব্যবসায়ী এম আই খান সুলতান, সহ-সভাপতি কামরুল ইসলাম সনি, রাশেক মালিক, কাজী আবু নাসের, সমন্বয়কারী আকতার বাবুল, নওশাদ হায়দার, হিমু মিয়া, মহিন উদ্দিন পাটোয়ারি, যুগ্ম সদস্য সচিব জিল্লুর রহিম, শরিফ হোসাইন, ইকবাল আহমেদ, সেবুল মিয়া, বিয়ানীবাজার সমিতির সাধারণ সম্পাদক রেজাউল আলম অপু, ইয়াসমীন রিমি, বাংলাদেশ সোসাইটির সহ-সভাপতি কামরুজ্জামান কামরুল, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভুইয়া রুমি, কাজী তোফায়েল ইসলাম, জাহাঙ্গীর হোসাইন, ইঞ্জিনিয়ার আব্দুস সোবহান, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক আবুল কাশেম, আব্দুর রশিদ বাবু, আহসান হাবিব, সরওয়ার খান বাবু, একেএম রফিকুল ইসলাম ডালিম, সোসাইটির কার্যকরি কমিটির সদস্য আবুল কাশেম প্রমুখ।

স্বাগত বক্তব্য দেন সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার। তিনি সবাইকে শুভেচ্ছা জানান বিপুল সাড়া দেওয়ার জন্য। তিনি বলেন, আমরা পবিত্র রমজানের যে বার্তা তা সবার মধ্যে ছড়িয়ে দিতে চাই। তারা আমাদের অনুষ্ঠানে সব ধর্মের মানুষকে নিমন্ত্রণ জানান। তিনি অনুষ্ঠানকে সফল করার জন্য সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। বিলাল চৌধুরী ইফতার মাহফিল সফল এবং সার্থক করার জন্য সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

১৮ আইটেমের ইফতারের অন্যতম ছিল মক্কা থেকে আনা জমজমের পানি। ছিল পান-সুপারিও। ফলে ইফতার শেষে ঘরে ফেরার সময় কেউই অতৃপ্ত থাকেননি। মাহফিলে জানানো হয় যে, সংগঠনের ২৫ বছর পূর্তি উৎসব হবে এবারই। সেখানেও সকলের আন্তরিক উপস্থিতি কামনা করেন ফখরুল ইসলাম দেলোয়ার।





আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল










নিউইয়র্ক: আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে জ্যাকসন হাইটস্ এর একটি রেস্টুরেন্টে। গত ১৭ মার্চ আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ক্লাবের সভাপতি শওকত ওসমান রচি ও ইফতার মাহফিল পরিচালনা করেন সাধারণ সম্পাদক মশিউর রহমান মজুমদার। রমজান মাসের বরকত ও শান্তি কামনা করে ইফতার মাহফিলে বিশেষ দোয়া ও মুনাজাত পরিচালনা করেন সাপ্তাহিক প্রবাস পত্রিকার প্রধান সম্পাদক সৈয়দ ওয়ালিউর রহমান। ক্লাব কর্মকর্তা ও সদস্য ছাড়াও এই ইফতার মাহফিলে স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, ব্যবসায়ীসহ সুশীল সমাজের বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। ক্লাব সভাপতি শওকত ওসমান রচি তার বক্তব্যে রমজানের পবিত্রতা ও সম্প্রীতির বার্তা তুলে ধরেন। তিনি বলেন, এ পবিত্র মাস আমাদের মধ্যে ঐক্য, ভ্রাতৃত্ব ও মানবিক মূল্যবোধকে আরও সুদৃঢ় করবে। সাধারণ সম্পাদক মশিউর রহমান মজুমদার অনুষ্ঠানের সফল আয়োজনে সকলকে সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে বলেন, আমরা আমাদের সাংস্কৃতিক ও ধর্মীয় ঐতিহ্যকে ধারণ করে এখানে একটি সুন্দর সমাজ গঠনে কাজ করে যাচ্ছি। আমরা আপনাদের সহযোগিতা চাই।

অনুষ্ঠানে প্রেসক্লাবের সাবেক সভাপতি দর্পণ কবীর , সাবেক সভাপতি মোহাম্মদ সাঈদ, সহ-সভাপতি মনজুরুল হক, সহ-সম্পাদক আবু বকর সিদ্দিক, কোষাধ্যক্ষ মল্লিকা খান, কার্যকরী সদস্য শামীম আহমেদ, সদস্য এনাম চৌধুরী, সীমা সুস্মিতা, পাপিয়া বেগম, খোরশেদ রিংকু, রিশিতা জাহান, তাপস সাহা, দীপক কুমার আচায, উত্তম সাহা উপস্থিত ছিলেন। আমন্ত্রিত অতিথি হিসেবে কমিউনিটি নেতৃবৃন্দ ও ব্যবসায়ী এবং মিডিয়া কর্মীদের মধ্যে উপস্থিত ছিলেন রাজনীতিবিদ ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট গিয়াস আহমেদ, নিউইয়র্ক লায়ন্স ক্লাবের সভাপতি রকি আলিয়ান, সেক্রেটারি জে এফ এম রাসেল, সাংবাদিক ও সার্টিফাইড প্যারালিগ্যাল শামীম শাহেদ, রিয়েল স্টেট ইনভেস্টর নুরুল আজিম, ঢাকা জেলা এসোসিয়েশনের সভাপতি দুলাল বেহুদু, এস্টোরিয়া ডিজিটাল ট্রাভেলস এর কর্ণধার নজরুল ইসলাম, ব্যবসায়ী মাসুদ রানা তপন, এস এম পিন্টু, সন্ধান পত্রিকার সম্পাদক সঞ্জীবন সরকার ও মিডিয়া কর্মী মোহাম্মদ হোসাইন দীপুসহ বিভিন্ন গণমাধ্যমকর্মী, সম্পাদক ও স্থানীয় বাংলাদেশি কমিউনিটির নেতৃবৃন্দ ইফতার পার্টিতে উপস্থিত ছিলেন।
-- প্রেস রিলিজ







Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

CDPAP সার্ভিস নিয়ে

কোন চিন্তা করবেন না।



Bestcare
Home care, your care.

CDPAP অভিজ্ঞ কিছু লোক নিয়োগ দেওয়া হবে।
যোগাযোগ - (516) 731-7808



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর
অনুমোদিত **FACILATOR** হিসেবে **CDPAP** সার্ভিস
TRANSFER এ সহযোগিতা দিতে পারি।

আমরা বাংলায় কথা বলি

আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।



Syed Alamin
Administrator
Email: cdpap@bestcare.com

Bestcare Corporate
3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 W 36th ST Suit 400, New York, NY 10018	1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210

বিসমিল্লাহির রাহমানির রাহিম

"সমৃদ্ধ কুলাউড়া" গঠনে আমরা অঙ্গীকারাবদ্ধ

কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইন্‌ক

নির্বাচন ২০২৫

"সুদৃঢ় হোক কুলাউড়াবাসীর বন্ধন"

এই প্রত্যয়ে নবীন ও প্রবীন সংগঠকদের সমন্বয়ে গঠিত

খসরু-সুয়েব পরিষদ

আপনাদের দোয়া ও সর্বাত্মক সহযোগিতা প্রত্যাশী

আমাদের অঙ্গিকার

- প্রবাসে কুলাউড়াবাসীর ঐক্য ও সম্প্রীতি সুদৃঢ় রাখতে সর্বদিক গুরুত্ব প্রদান ও জবাবদিহিতামূলক সংগঠন গড়ে তোলার অঙ্গিকার।
- প্রবাসে ছড়িয়ে ছিটিয়ে থাকা কুলাউড়া প্রবাসীদের মধ্যে সেতুবন্ধন সৃষ্টির লক্ষ্যে সাধারণ সদস্য ও আজীবন সদস্য সংগ্রহ কার্যক্রম জোরদার করা।
- নতুন প্রজন্মকে কুলাউড়া তথা বাংলাদেশের কৃষ্টি, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে উৎসাহিত করা।
- কুলাউড়ার সাথে প্রবাসীদের সেতুবন্ধন রাখার উদ্যোগ গ্রহণ এবং এলাকার উন্নয়নে সংগঠনের পূর্ববর্তী কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখা।
- কুলাউড়ায় সেবামূলক কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করা।



সৈয়দ ইলিয়াস খসরু
সভাপতি



লুৎফুর রহমান
সহ-সভাপতি



মঈনুর রহমান সুয়েব
সাধারণ সম্পাদক



বদরুল ইসলাম মিঠু
সহ-সাধারণ সম্পাদক



ওবায়দুর রহমান কামাল
কোষাধ্যক্ষ



রাহাত বিন ওয়াহিদ
সাংগঠনিক সম্পাদক



শামীম আহমদ
প্রচার সম্পাদক



আজিজুল হক স্বপন
ত্রাণ ও মানবকল্যাণ সম্পাদক



মিতা চক্রবর্তী
শিল্প ও সংস্কৃতি সম্পাদক



সালমা চৌধুরী মিলি
মহিলা সম্পাদিকা



তসলিম রহমান
কার্যনির্বাহী সদস্য



সলিক আহমদ
কার্যনির্বাহী সদস্য



মতিউর রহমান খান মিজিক
কার্যনির্বাহী সদস্য



রাইনুর চৌধুরী তৌসিফ
কার্যনির্বাহী সদস্য



ফারুক মিয়া
কার্যনির্বাহী সদস্য

সম্মানিত কুলাউড়াবাসী,

আমাদের সালাম/আদাব ও শুভেচ্ছা গ্রহণ করুন। কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশনের নির্বাচনে অভিজ্ঞ সামাজিক সংগঠকদের সমন্বয়ে গঠিত **খসরু-সুয়েব** পরিষদে আপনাদের দোয়া ও সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।

বিনীত
শুভাকাঙ্খী ও সমর্থক গোষ্ঠী

প্রচারে: নির্বাচন পরিচালনা কমিটি

অফিস দখল নিয়ে পাল্টাপাল্টি অভিযোগ

শেষ পৃষ্ঠায় পর

সভাপতি পদে 'তাহের-আরিফ' প্যানেলের সভাপতি পদপ্রার্থী আবু তাহেকে সভাপতি এবং সাধারণ সম্পাদক পদে একই প্যানেলের সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আরিফুল ইসলামকে সাধারণ সম্পাদক এবং দুই প্যানেল থেকে নির্বাচতদের বিজয়ী ঘোষণা করেন। নির্বাচন কমিশনের ফলাফল মেনে না নিয়ে 'মাকসুদ-মাসুদ' প্যানেলের পক্ষ থেকে আইনের আশ্রয় নেয়া হয় এবং নিজেদের নির্বাচত বলে দাবী করেন। তাদের মামলাটি বর্তমান চলমান রয়েছে। অপরদিকে নির্বাচন কমিশনের ঘোষণা মোতাবেক 'তাহের-আরিফ' প্যানেলের বিজয়ীরা নিজেদের নির্বাচত বলে ঘোষণা দিয়ে অভিষিক্ত হয় এবং কার্যক্রম পরিচালনা করতে থাকে।

উদ্ভুত পরিস্থিতে গত ১৯ ফেব্রুয়ারী কে বা কারা ব্রুকলীনস্থ সমিতি ভবনের তালা ভেঙ্গে ভিতরে প্রবেশ করে। এই ঘটনার পর সভাপতি আবু তাহের ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আরিফুল ইসলাম স্থানীয় পুলিশ প্রিসেঙ্কট ও এটর্নীর সাথে পরামর্শ করে পুলিশে রিপোর্ট করেন। এরই প্রেক্ষিতে পুলিশ সমিতি ভবনের দরজার তালা ভাঙার ভিডিও দেখে আহসান হবিব নামে একজনকে শনাক্ত এবং গ্রেফতার করে। বর্তমানে তিনি জামিনে মুক্ত রয়েছেন বলে জানা গেছে।

এব্যাপারে সমিতির সভাপতি আবু তাহের জানান, একটি সুষ্ঠু নির্বাচনের মধ্য নিয়ে আমরা নির্বাচিত হয়েছি। নির্বাচন কমিশন আমাদের সার্টিফাইড করেছে। তাই আমরা নির্বাচিত কমিটি হিসেবে সমিতির স্বার্থে যা যা করা দরকার তাই করছি। কিন্তু কে বা কারা সমিতি ভবনের তালা ভেঙ্গে অফিস দখলের উদ্যোগ নেয়ায় আমরা আইনের আশ্রয় নিতে বাধ্য হই।

এব্যাপারে সাধারণ সম্পাদ মোহাম্মদ আরিফুল ইসলাম বলেন, আমরা চট্টগ্রাম সমিতির নির্বাচিত কর্মকর্তা। আমরা নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচিত ঘোষিত হওয়ার পর অভিষিক্ত হয়েছি। গত ১৬ ফেব্রুয়ারী আমরা সমিতি ভবনে ইফতার পার্টি করেছি। কিন্তু সমিতি ভবনের তালা ভাঙ্গা অপরাধ। যে কারণে আমরা পুলিশে রিপোর্ট করেছি। আমরা জনিনা কে বা কারা তালা ভেঙেছে তাই রিপোর্টে কারো নাম না থাকায় পুলিশ ঐ দিনের ভিডিও দেখে আহসান হাবিব নামের একজনকে সনাক্ত করেছে এবং আরো কয়েকজনকে খুঁজছে। এছাড়াও কে বা কারা সমিতি ভবনের ভিডিও রেকর্ড ও ইন্টার লাইনও কেটে ফেলে।

এ ব্যাপারে মাকদুল হক চৌধুরীর সাথে যোগাযেগ করা হলে তিনি নিজেকে চট্টগ্রাম সমিতি নির্বাচিত সভাপতি দাবী করে বলেন, ঘটানার সময় আমি ছিলাম না। তবে ১৯ ফেব্রুয়ারী আমরা তালা ভেঙ্গে সভা করেছি এই কথা ঠিক নয়। সেদিন আমাদের প্যানেলের নির্বাচিত প্রতিনিধিরা তালা খোলার লোক ডেকে এনে তা খুলে এবং সেখানে কার্যকরী কমিটির সভা হয়। আর এখন বলা হচ্ছে আমরা নাকি তালা ভেঙেছি, ভিডিও রেকর্ড আর ইন্টার লাইন নষ্ট করেছি। এসব কথা মিথ্যা ও বানোয়াট। তিনি বলেন, ঘটনার ১৮দিন পর প্রতিপক্ষরা যা-তা বলে পুলিশে অভিযোগ করেছে। পুলিশ গত ১৮ মার্চ মঙ্গলবার ভোর ৫টার দিকে আহসান হাবিব-কে তার বাসা থেকে গ্রেফতার করে। আমার বাসাতেও পুলিশ আসে। যা নিন্দনীয়। তিনি বলেন, পুলিশ এমনভাবে আমার বাসায় আসে যাতে আমার শিশু সন্তান সহ পরিবরের লোক ভয় পেয়ে যায় এবং এখনো তারা ট্রমায় ভুগছেন বলে তাদেরকে অন্যত্র নিরাপদে রাখতে বাধ্য হয়েছি। তিনি বলেন, আমরা আইনগতভাবে বিষয়টি মোকাবেলা করবো।

'দলের দূর্দিনে সুবিধাভোগীরা নিরব'

প্রথম পৃষ্ঠার পর

আওয়ামী লীগ সরকার ও দলীয় নেতা-কর্মীদের মধ্যে যারা অপরাধী তাদের বিচার না হওয়া পর্যন্ত তাদের রাজনীতি নিষিদ্ধ করার। এমন অবস্থায় দেশে দৃশ্যত: আওয়ামী লীগের রাজনৈতিক না থাকলেও যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে দলীয় কর্মকান্ড চলছে। সভাপতি ড. সিদ্দিকুর রহমানের নেতৃত্বে এসব কর্মকান্ড চললেও এসব সভা-সমাবেশে 'দলের দূর্দিনে ক্ষমতাকালীন সুবিধাভোগীরা নিরব' ভূমিকা পালন করছেন। এনিয়েও দলের মধ্যে নানা প্রতিক্রিয়া চলছে।

অপরদিকে সম্প্রতি টাইম টেলিভিশনের প্রতিদিনের জনপ্রিয় 'টাইম এক্সক্লুসিভ' অনুষ্ঠানে এক আলোচনায় অংশ নিয়ে প্রসঙ্গত ড. সিদ্দিকুর রহমান বলেন, আমি বাংলাদেশের নাগরিক না, আমি আমেরিকান নাগরিক। তার এই বক্তব্যে কমিউনিটির সচেতন মহলে এবং দলের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে।

অনুসন্ধানে জানা গেছে, দলীয় সভাপতি শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ দীর্ঘ প্রায় ১৬ বছর রাষ্ট্র ক্ষমতায় থাকাকালীন সময়ে দেশের মন্ত্রী, এমপি ও দলীয় নেতার মতো যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের কতিপয় নেতা সরকারী সুযোগ-সুবিধা ব্যবহার করে তদবীর বাণিজ্য, ব্যাংকের মালিক-পরিচালক প্রভৃতি সুবিধা নিয়েছেন। দল ক্ষমতাচ্যুত হওয়ার পর এখন তাদের সভা-সমাবেশে যোগদান তো দূরের কথা তাদের দেখা-সাক্ষাৎও মিলছে না। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা ড. নূরুন্নবী ও প্রদীপ রঞ্জন কর, সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ, সহ সভাপতি ডা. মাসুদুল হাসান, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা আব্দুর রহীম বাদশা, সোলায়মান আলী, তারেক হায়দার চৌধুরী, দরুদ মিয়া রনেল, নূরুল আমীন বাবু, নাফিউর রহমান তুরান, শাহানারা রহমান, শরীফ কামরুল আলম হিরা, ইলিয়ার রহমান, আশ্রাফ আলী, যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগের সভাপতি মমতাজ শাহনাজ, নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমল, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান ও সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, যুবলীগ নেতা জামাল হোসেন, আলীম উদ্দিন, স্বেচ্ছাসেবক লীগ নেতা ওয়াহিদুজ্জান লিটন, সৈয়দ গোলাম কিবিরিয়া, ছাত্রলীগ নেতা আলমগীর লিটন প্রমুখকে সক্রিয় দেখা গেলেও দলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক নিজাম চৌধুরী সহ অনেকেই যুক্তরাষ্ট্রের কোন দলীয় কর্মকান্ডে দেখা যাচ্ছে না। এব্যাপারে নাম প্রকাশে অনিচ্ছুক যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সম্পাদকমন্ডলীর এক নেতা বলেন, আমরা রাজনীতি করি, সময় বুঝি। এখন সংকটময় সময় চলছে। আওয়ামী লীগকে সহজে আর রাজনীতি করতে দেয়া হবে না। তাই প্রবাসে লাফালাফি করে কোন লাভ নেই। আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালে কি করে তা আমরা সবাই জানি। তাই লোক দেখানো রাজনীতির কোন মানে হয় না।

এব্যাপারে ড. সিদ্দিকুর রহমানের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, আওয়ামী লীগ বড় দল। অবৈধভাবে আওয়ামী লীগকে ক্ষমতাচ্যুত কলে ড. ইউনূস অবৈধভাবে ক্ষমতা দখল করেছেন। আমরা ইউনূস সরকারকে মানি না। তিনি বলেন, দেশের চলমান প্রেক্ষিতে আওয়ামী লীগ নয়, পুরো দেশ-ই চরম সংকটে পড়েছে। আর ক্ষমতায় থাকাকালে কোন কোন নেতা সুবিধা নিয়ে থাকলেও তাদের কর্মকন্ডের উপর নির্ভর করে দল চলবে না, দল তাদের উপরও নির্ভর করে না। দলের ত্যাগী নেতা-কর্মীরাই দলকে এড়িয়ে নিয়ে যাবে।

বাংলাদেশের নাগরিক না, আমেরিকান নাগরিক এমন প্রশ্নে ড. সিদ্দিকুর রহমান বলেন, আমি জন্মগতভাবেই বাংলাদেশের নাগরিক। আমার মতো অনেক বাংলাদেশী আমেরিকান বাংলাদেশের নাগরিক। টাইম টিভি'র এক অনুষ্ঠানে একটি ঘটনার প্রেক্ষিতে আমি কথাটি বলেছিলাম। কিন্তু আমার কথা'র ভুল ব্যাখ্যা দেয়া হচ্ছে।

'অর্থের অপচয় ও পাচার' নিয়ে বিতর্ক তুঙ্গে

শেষ পৃষ্ঠায় পর

রেমিট্যান্স ফেয়ারের উদ্দেশ্য বৈধ পথে দেশে অর্থ প্রেরণ, নাকি ব্যক্তি ব্যবসার কৌশল এমন নানা প্রশ্ন দেখা দিয়েছে। বিইউসিসিআই ও বিজনেস লিংক এর আড়ালে বিশ্বজিত সাহা কৌশলে রেমিট্যান্স সংশ্লিষ্টদের পাশ কাটিয়ে বাংলাদেশের বিভিন্ন ও ব্যাংক খাতে জড়িত উর্ধ্বতন কর্মকর্তাদের এনে নিজের স্বার্থ হাসিল করছেন এমনটি অভিযোগ তুলছে স্থানীয় রেমিট্যান্স সংশ্লিষ্ট ও নিউইয়র্ক থেকে প্রকাশিত কয়েকটি গণমাধ্যম।

আয়োজক সূত্রে জানা গেছে, বাংলাদেশ-ইউএসএ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিইউসিসিআই) এবং ইউএসএ-বাংলা বিজনিস লিংক যৌথভাবে এ মেলার আয়োজক। আর সহযোগী হিসেবে থাকছে বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস এবং ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ড্রাস্টি। রেমিট্যান্স ফেয়ারের এবারের প্রতিপাদ্য- বৈধ রেমিট্যান্স, উন্নত বাংলাদেশ। রেমিট্যান্স মেলার উদ্বোধন করবেন ও প্রধান অতিথি থাকবেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর। এ ছাড়াও এবারের মেলায় অংশগ্রহণ করবেন সরকারি ও বেসরকারি খাতের বিভিন্ন প্রতিষ্ঠান। এদিকে মেলা আয়োজক ও প্রধান সমন্বয়ক বিশ্বজিত সাহা'র বিরুদ্ধে এমন মেলার আয়োজনে ''অর্থ পাচারের'' অভিযোগ তুলে ও ''প্লেজার ট্রিপ'' উল্লেখ করে পৃথক প্রতিবেদন করেছে নিউইয়র্ক থেকে প্রকাশিত সাপ্তাহিক বাংলাদেশ এবং সাপ্তাহিক আজকাল। এরপর থেকে কমিউনিটিতে এ রেমিট্যান্স নিয়ে ব্যাপক আলোচনা সমালোচনা চলছে।

সাপ্তাহিক বাংলাদেশ পত্রিকা প্রতিবেদনে বলেছে, নিউইয়র্কের মুক্তধারা ফাউন্ডেশনের প্রধান বিশ্বজিৎ সাহা। যুক্তরাষ্ট্রে বাংলাদেশের পতিত শেখ হাসিনা সরকারের একজন সংশ্লিষ্ট। আওয়ামী লীগ সরকারের দূর্নীতিবাজ ও লুটপাটকারী মন্ত্রী এমপি ও সরকারী কর্মকর্তাদের সাথে সখ্যতা ছিলো বিশ্বজিৎ সাহার। তাদের লুট করা অর্থ পাচারে বাণিজ্য মেলা ও রেমিট্যান্স মেলার আয়োজন করে সহযোগিতা করতেন কৌশলে। রেমিট্যান্স ফেয়ারের নামে বিপুল অর্থ স্পন্সর নিয়ে করতেন ব্যবসা।

এ প্রতিবেদনে আরো বলা হয়, দেশের আর্থিক প্রতিষ্ঠানে পাঠানো চিঠিতে রেমিট্যান্স মেলায় টাইটেল স্পন্সর (একজন) হিসেবে অংশগ্রহণ করতে হলে তাকে বাংলাদেশী মুদ্রায় ৫০ লাখ টাকা; পাওয়ার্ড বাই স্পন্সরের (একজন) জন্য ৩০ লাখ টাকা; চারজন প্রোগ্রাম স্পন্সর হিসেবে থাকবেন, যাদের প্রত্যেককে দিতে হবে ১২ লাখ টাকা করে। মেলায় যারা বুথ নেবেন, তাদেরকে ৩৬ বর্গফুট আয়তনের বুথের জন্য দিতে হবে বুথপ্রতি ৫ হাজার ডলার করে এবং এর সঙ্গে যোগ হবে ভ্যাট ও ট্যাক্স। যুক্তরাষ্ট্রে আওয়ামী স্বৈরশাসনামলে সুবিধাভোগী বিশ্বজিৎ সাহার ইউএসএ বাংলাদেশ বিজনেস লিঙ্ক এই মেলার মূল আয়োজক সংগঠন। এ সংগঠনেরই প্রেসিডেন্ট বিশ্বজিৎ সাহা। বিগত দেড় দশকে দেশের বিভিন্ন ব্যাংক কর্মকর্তা নিউইয়র্কের বিশ্বজিৎ সাহার ব্যক্তিসর্বস্ব একটি সিন্ডিকেটের সাথে জড়িয়ে পড়েন। বছরে একাধিকবার এই ব্যক্তি কথিত রেমিট্যান্স ও বই মেলায় আয়োজন করতো। আর এসব মেলার পৃষ্ঠপোষক ও অংশীদার হিসেবে ব্যাংকগুলো মোটা অংকের অর্থের যোগান দিতো বিশ্বজিত সাহাকে। এসব মেলার আড়ালে চলতো বড় ধরণের অর্থ পাচার। এয়াড়াও এসব আয়োজনের আয় ব্যয়ের বিষয়টি অস্পষ্ট বলে দাবি করা হয় ঐ প্রতিবেদনে।

এদিকে আজকাল পত্রিকার প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশের ব্যাংকিং খাত যখন চরম অস্থিরতার মধ্যদিয়ে অতিবাহিত হচ্ছে তখন নিউইয়র্কে আসছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর, ডেপুটি গভর্নর, পরিচালকসহ বিভিন্ন ব্যাংকের একঝাঁক চেয়ারম্যান ও এমডি। থাকছে বিশাল অংকের খরচ। বিভিন্ন ব্যাংকের এমডিদের এই আসরে 'অফসোর ব্যাংকিং' নিয়ে আলোচনা হবে বলে জানা গেছে। নিউইয়র্কের একটি পাঁচতারকা হোটেলে উদ্বোধন শেষে জ্যাকসন হাইটস-এর সানাই রেস্টুরেন্টে দুইদিনের অনুষ্ঠান চলবে। একটি ফোর কালারের স্মরণিকা ফেয়ার উপলক্ষ্যে বের করার প্রস্তুতি চলছে। এর আগেও বাংলাদেশে অসংখ্য ব্যাংক যখন গ্রাহকদের টাকা পরিশোধ করতে পারছে না তখন বিভিন্ন ২৬ ব্যাংকের চেয়ারম্যান ও এমডিদের নিয়ে ম্যারিয়ট হোটেলে এক রাতে ৫৫ হাজার ডলার ব্যয়ে 'অফসোর ব্যাংকিং' প্লেজার ট্রিপ দেয়ার অভিযোগ রয়েছে।

আজকাল নিউইয়র্কে রেমিট্যান্স ব্যবসার সাথে জড়িত ব্যক্তিদের বরাত দিয়ে আরো বলে, এমন আয়োজনে রেমিট্যান্স সংশ্লিষ্টদের কোন সরাসরি সম্পৃক্ততা নেই। তাদের পাশ কাটিয়ে কাদের স্বার্থে এমন আয়োজন এবং 'সেটি কি শুধুমাত্র ব্যবসার জন্য করা হচ্ছে' এমন প্রশ্ন তোলা হয় এ প্রতিবেদনে। এ বিষয়ে আয়োজক প্রধান সমন্বয়ক বিশ্বজিৎ সাহার সাথে ফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, বাংলাদেশ-ইউএসএ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিইউসিসিআই) এবং ইউএসএ-বাংলা বিজনিস লিংক দেশের সাথে আমেরিকার ব্যবসার প্রসার ও বৈধ পথে রেমিট্যান্স প্রদানে প্রবাসীদের উৎসাহ দিতে কাজ করছে। এসব সংগঠনে কমিউনিটির খ্যতনামা বিশিষ্ট ব্যক্তিবর্গ আছেন। আমরা ৪ বছর ধরে রেমিট্যান্স ফেয়ার করে আসছি। প্রতিবছর আয়োজনে যা আয়-ব্যয় হয় সেটা প্রতিষ্ঠানের সাথে জড়িত সবার উপস্থিতিতে স্পষ্টভাবে তুলে ধরা হয়। এখানে যারা অর্থ পাচারের প্রোপাগান্ডা ছড়াচ্ছে, শুধুমাত্র আমাকে হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্যে তারা এসব করছে। আমাদের এ আয়োজনে দেশের ব্যাংক খাতের গভর্ণরসহ সকল উর্ধ্বতন কর্মকর্তারা অংশ নেন। প্রতিবার এ আয়োজনে যুক্তরাষ্ট্রে রেমিট্যান্স ব্যবসায় জড়িত এজেন্সি ও ব্যক্তিবর্গ আমাদের আমন্ত্রণে স্বতস্ফুর্ত অংশ নেন। এবারো আমরা তাদের আমন্ত্রণ জানিয়েছি। অনেকেই এ মেলায় অংশ নিবেন এবং কিছু এজেন্সি কনফার্ম করবে আগামী কয়েকদিনের মধ্যে। আগে এখানে রেমিট্যান্স প্রেরণকারীদের সংগঠন ছিলোনা। তাই সরাসরি তাদের অন্তর্ভুক্ত করা হয়নি। আগামীতে তাদের এসোসিয়েশনকে মেলার আয়োজক সহযোগী করা হবে।

বন্ধ হচ্ছে নিউইয়র্ক সিটি'র মেট্রোকার্ড

প্রথম পৃষ্ঠার পর

সিটির সাবওয়েতে ব্যবহারের জন্য আর মেট্রোকার্ড বিক্রি হবে না। চলতি বছরের শেষ নাগাদ মেট্রোকার্ড বিক্রি বন্ধ করে দিচ্ছে কর্তৃপক্ষ। সে ক্ষেত্রে চলমান ওমনি কার্ড ব্যবহার করতে হবে সাবওয়ে যাত্রীদের।

এমটিএ চেয়ার এবং সিইও জ্যানো লিবার বুধবার বলেছেন- চালু হওয়ার তিন দশকেরও বেশি সময় পরে, ২০২৫ সালের শেষ নাগাদ আর সাবওয়ে মেট্রোকার্ড চালু রাখবে না, এটি বিক্রি বন্ধ করে দেয়া হবে। লিবার ক্রেইনের বিজনেস ব্রেকফাস্টে জ্যানো লিবার অরো বলেন,ট্রানজিট জাদুঘরে মিস্টার টোকেনের সাথে যোগ দেওয়ার সময় এসেছে মেট্রোকার্ডের। তিনি বলেন, ওমনি পদ্ধতি অনেক বেশি গতিশীল এবং সহজ।

ডিসেম্বরের তথ্যানুযায়ী নিউইয়র্ক সিটি সাবওয়েতে দৈনিক ৪.৫ মিলিয়ন যাত্রীর মধ্যে ৬৭% ওমনি'র ট্যাপ-অ্যান্ড-গো সিস্টেম ব্যবহার করছেন। চলতি সপ্তাহের শুরুতে এমটিএ ঘোষণা করেছে যে তাদের হ্রাসকৃত ভাড়ার ৫৫% এরও বেশি গ্রাহক ওমনি ব্যবহার করছেন। মূলত: যাত্রী সেবা সহজ করতেই ওমনি কার্ড চালু করা হয়েছে। যা সহজেই ফোন বা ব্যাংক কার্ডের সাহায্যে সাবওয়েতে ব্যবহার করা যায়। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯৩ সালে সাবওয়েতে টোকেনের পরিবর্তে মেট্রোকার্ড চালু করা হয়েছিলো।

যুক্তরাষ্ট্রে ৫ লক্ষাধিক অভিবাসীর বৈধতা বাতিল

প্রথম পৃষ্ঠার পর

এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়, চার দেশ থেকে আসা এসব অভিবাসীরা ২০২২ সালের অক্টোবরের পর যুক্তরাষ্ট্রে থাকা শুরু করে। তাদের ফেডারেল সরকারের নোটিশে বলা হয়েছে, এসব অভিবাসীকে ২৪ এপ্রিলের আগে দেশ ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে, অন্যথায় তাদের পারমিট ও বহিষ্কার সুরক্ষা বাতিল করা হবে।

কিউবা, হাইতি, নিকারাগুয়া ও ভেনেজুয়েলা- এই চার দেশ থেকে উচ্চমাত্রার অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে ২০২২ সালে ভেনেজুয়েলাবাসীর জন্য অস্থায়ী আইনি মর্যাদায় প্রবেশাধিকার চালু করেন বাইডেন। পরের বছর অর্থাৎ ২০২৩ সালে এই সুবিধা কিউবা, হাইতি ও নিকারাগুয়ার অভিবাসীদেরও দেয়া হয়।

তবে দ্বিতীয়বার ক্ষমতায় এসে কঠোর অভিবাসন নীতি নিয়েছেন ট্রাম্প। এরই মধ্যে যুক্তরাষ্ট্রে বসবাসরত অবৈধ অভিবাসীদের নিজ দেশে ফেরত পাঠানোর পদক্ষেপ নিয়েছেন। তার মতে, সাবেক প্রেসিডেন্ট জো বাইডেনের চালু করা এসব প্যারোল কর্মসূচি যুক্তরাষ্ট্রের ফেডারেল আইন লঙ্ঘন করেছে। এ জন্য তিনি ২০ জানুয়ারির এক নির্বাহী আদেশের মাধ্যমে এসব কর্মসূচি বাতিলের নির্দেশ দেন।

এর আগে গত ৬ মার্চ ট্রাম্প জানান, রাশিয়ার সঙ্গে যুদ্ধের কারণে যুক্তরাষ্ট্রে আশ্রয় নেয়া প্রায় ২ লাখ ৪০ হাজার ইউক্রেনীয়র অস্থায়ী আইনি মর্যাদা বাতিল করা হবে কি না, সে বিষয়েও তিনি শিগগিরই সিদ্ধান্ত নেবেন।

সংবিধানে অপ্রয়োজনীয় ও আপত্তিকর সংস্কারের

৪-এর পৃষ্ঠার পর

নিম্নকক্ষে মোট সদস্যসংখ্যা ৪০০ জনে উন্নীত করার প্রস্তাব করেছে, যাঁদের মধ্যে ৩০০ জন বর্তমান পদ্ধতি অনুসারে নির্বাচিত হবেন এবং বাকি ১০০ জন নারী সদস্য সরাসরি ভোটে নির্বাচিত হবেন। এই সুপারিশ নতুন করে জটিলতা সৃষ্টি করবে এই ১০০ নারী সদস্যর নির্বাচনী-এলাকা নির্ধারণের ক্ষেত্রে। আমার প্রস্তাবে আমি বর্তমান ৩০০টি নির্বাচনী-এলাকার ১০০টিতে প্রতি নির্বাচনে শুধু নারী-সদস্য নির্বাচনের ব্যবস্থা রোটেশন পদ্ধতিতে চালু করার পরামর্শ দিয়েছিলাম। (রোটেশন পদ্ধতিতে তিনটি নির্বাচনে দেশের সব এলাকায় নারী সদস্য নির্বাচিত হতেন)। আমি মনে করি, আমার প্রস্তাবটি কমিশনের প্রস্তাবের চেয়ে অনেক বেশি সহজে বাস্তবায়নযোগ্য হতো। কমিশনের সুপারিশকৃত ৪০০ আসনের নিম্নকক্ষ পুরুষ সদস্য এবং নারী সদস্যদের মধ্যে এলাকাভিত্তিক অবশ্যম্ভাবী ক্ষমতার দ্বন্দ্ব তৈরি করবে 'কমন নির্বাচনী এলাকাগুলোতে'। উপরন্তু, সংসদ কক্ষে অতিরিক্ত ৫০ জন নারী সদস্যের আসন-বিন্যাসেও স্থান-সংকুলানসংক্রান্ত জটিলতা সৃষ্টির আশঙ্কা সৃষ্টি করবে।

সংবিধানকে গণতান্ত্রিক করার জন্য রাষ্ট্রের নাম পরিবর্তন কিংবা মূল নীতি পরিবর্তনের অপ্রয়োজনীয় ও আপত্তিকর প্রস্তাবগুলোর আবশ্যকতা নেই। এসব আপত্তিকর সুপারিশ কমিশনের সুপারিশমালাকে বিতর্কিত করছে। বর্তমান সংবিধানকে যেসব গোষ্ঠী 'নালায় ছুড়ে ফেলতে' উদগ্রীব, তারা প্রকৃতপক্ষে জামায়াত-শিবিরের অনুসারী স্বাধীনতাবিরোধী মহল, যারা সুকৌশলে অন্তর্বর্তী সরকারের ওপর নিয়ন্ত্রণ স্থাপন করে ফেলেছে। জনগণের ৫ শতাংশও তাদের সমর্থন করে না। সংবিধান সংস্কারের অপরিহার্যতাকে স্বীকার করতে কারও দ্বিমত নেই, কারণ বর্তমান অবয়বে সংবিধান 'নির্বাচিত প্রধানমন্ত্রীর একনায়কত্ব' প্রতিষ্ঠার দলিলে পরিণত হয়েছে। কমিশনের প্রস্তাবিত সুপারিশমালা এবং যে কয়েকটি অপ্রয়োজনীয় সুপারিশ আমি পরিবর্তনের ব্যাখ্যা দিয়েছি, সেগুলোকে যথাযথভাবে পরিবর্তন করে যদি রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনার ভিত্তিতে সংবিধানে সংশোধনীর প্রস্তাবাবলি নির্ধারিত হয় তাহলে গণভোটের মাধ্যমে সংবিধান সংস্কারের পদক্ষেপ সফলভাবে গ্রহণ করা সম্ভব হবে, আগামী সংসদ নির্বাচনে নির্বাচিত সংসদ সদস্যদের দুই-তৃতীয়াংশের সম্মতির বিষয়টিও সফলভাবে নিস্পন্ন করা যাবে।

'হিন্দুদের সেইফ জোন'

প্রথম পৃষ্ঠার পর

বিশ্বের বিভিন্ন থাকা সেইফ জোনের উদাহরণ তুলে ধরেছি। এ সেইফ জোনে যেখানে হিন্দুরা থাকবে সেখানে ঐ ধর্মের প্রশাসন ও পুলিশ থাকবে। আমরা স্পষ্টভাবে এ বিষয়টি তুলে ধরেছি।

এসময় তিনি আরো বলেন, বর্তমানে বাংলাদেশে ম্যাটিকুলাস পরিকল্পনাকরী ড. ইউনূসের অধীনে জঙ্গীবাদের উত্থান হয়েছে ব্যাপকভাবে। দেশে অরাজকাতা চলছে। আগামী ডিসেম্বরে দেশে নির্বাচন হবে, তবে ড. ইউনূসের অধীনে হবেনা। আমরা কখনোই বাংলাদেশে স্যাংকশন দেওয়ার কোন দাবি করিনাই। এটা অন্যরা করছে। দেশে রাজাকাররা কখনো মুক্তিযোদ্ধের পক্ষে আসেনি। কিন্তু মুক্তিযুদ্ধের পক্ষ তাদের সাথে গিয়ে রাজাকারদের পক্ষে কথা বলেছে। গত ৫৩ বছরে তথাকথিত প্রগতীশীলরা সংখ্যালঘুদে

এসময় শিতাংশু গুহের বক্তব্যে প্রেক্ষিতে 'টাইম এক্সক্লুসিভের অন্যতম আলোচক সাংবাদিক ও বিশ্লেষক হাসান ফেরদৌস বলেন, বাংলাদেশে সংখ্যালঘুদের নির্যাতন ও হিন্দু শিক্ষকদের দেশ ছাড়ার বিষয়টি নিয়ে স্পষ্ট করে আমি লিখেছি। সংখ্যালঘুদের অধিকার আদায়ে আমরা এক হয়ে কাজ করি। কিন্তু আপনারা যেটা করছেন, যে ন্যারেটিব প্রচার করছেন সেটা ৩য় পক্ষকে সুবিধা দিচ্ছেন। এরকম কর্মকান্ড বাংলাদেশ বিরোধী। আপনারা দেশে বিরুদ্ধে কাজ করবেন না। ভারত তাদের সোনার ডিম পাড়া হাঁস (বিগত আওয়ামী লীগ সরকার) হারিয়েছে। এজন্য তারা চাইছে গুজব ছড়িয়ে দেশের পরিস্থিতি খারাপ করছে। এসব দেশের গণমাধ্যম সংখ্যালঘু নির্যাতনে গুজব ছড়াচ্ছে। বাস্তবে বাংলাদেশে এরকম কিছুই ঘটছেনা। গত ১৫ বছরে হাসিনা সরকারের আমলে দেশে মৌলবাদীদের প্রসার ঘটেছে। ঐ সরকার তাদের রাজনীতির জন্য মৌলবাদীর আশ্রয় প্রশ্রয় দিয়েছে। আসুন এসব দেশ বিরোধী প্রোপাগান্ডা না ছড়িয়ে দেশের পক্ষে কাজ করি।

‘মিডোরুক’-এর পক্ষ থেকে ইফতার মাহফিল

শেষ পৃষ্ঠায় পর হয়েছে। গত ২০ মার্চ বৃহস্পতিবার সিটির কুইন্সে ফ্রেসমেডোর একটি পার্টি হলে আয়োজিত মাহফিলে বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকার সিইও আবু তাহের, পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু, কমিউনিটি নেতা রানা চৌধুরী বদরুল হোসেন খানম বদরুন নাহার খান মিতা, মঈনুল ইসলাম, ফখরুল ইসলাম দেলোয়ার, বিশিষ্ট ট্রাভেল ব্যবসায়ী নজরুল ইসলাম সহ প্রতিষ্ঠানটির ক্লাইন্ট ও তাদের পরিবারবর্গ, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিল্পী ও বিভিন্ন মিডিয়ার সম্পাদক ও সাংবাদিক এবং মর্টগেজ এজেন্টগণ অংশ নেন। অনুষ্ঠানে আগত অতিথিদের স্বাগত জানান এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রতিষ্ঠানটির কর্ণধার আকিব হোসাইন ও মডেল মোনালিসা।


















MEADOWBROOK
DO YOU WANT TO
BUY HOUSE WITH
MORTGAGE




MEADOWBROOK






MEADOWBROOK
DO YOU WANT TO
BUY HOUSE WITH A
MORTGAGE?


MEADOWBROOK







The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ : সংখ্যা ২৯ : সোমবার, চৈত্র ১০, ১৪৩১
রমজান ২৩, ১৪৪৬
Vol. 29 : Issue 29 : March 24, 2925 USA
Free in NY, Other State $1

কুলাউড়া এসোসিয়েশনের মনোনয়ন জমা

নির্বাচনে একমাত্র প্যানেল খসরু-সুয়েব পরিষদ

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্র বসবাসরত কুলাউড়া বাসীর প্রবাসীদের সংগঠন কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনকের আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী হিসেবে একমাত্র প্যানেল হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন 'খসরু-সুয়েব' পরিষদ। ২৩ মার্চ রবিবার নিউইয়র্কের *২-এর পৃষ্ঠায় দেখুন*

যুক্তরাষ্ট্র জাসাসে'র ইফতার মাহফিল সম্পন্ন

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউ ইয়র্কে যুক্তরাষ্ট্র জাসাসে'র ইফতার মাহফিল সম্পন্ন হয়েছে। ২০ মার্চ বৃহস্পতিবার নিউ ইয়র্কের উডসাইডের কুইন্স প্যালেসে অনুষ্ঠিত ইফতার মাহফিলে রাজনৈতিক বিশিষ্টজনদের উপস্থিতিতে মিলনমেলায় পরিণত হয়।

ইফতার মাহফিলে যুক্তরাষ্ট্র জাসাসে'র আহ্বায়ক ইঞ্জিনিয়ার মো. রহমান সায়েম এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বিএনপির নির্বাহী কমিটির *১৩-এর পৃষ্ঠায় দেখুন*

চট্টগ্রাম সমিতির তালা ভাঙার ঘটনায় একজন গ্রেফতার

অফিস দখল নিয়ে পাল্টাপাল্টি অভিযোগ

বিশেষ প্রতিনিধি: যুক্তরাষ্ট্র প্রবাসী চট্টলাবাসীদের সর্ববৃহৎ সামাজিক সংগঠন চট্টগ্রাম সমিতি অব নর্থ আমেরিকার কার্যকরী পরিষদের নির্বাচন নির্বাচন পরবর্তী কর্মকান্ডের প্রেক্ষিতে একদিকে মামলা, অপরদিকে সমিতি ভবনের তালা ভেঙ্গে অফিস দখল পাল্টা দখলের ঘটনা ঘটেছে। উদ্ভুত পরিস্থিতিতে সমিতি ভবনের তালা ভাঙ্গার অভিযোগে আহসান হবিব নামে একজনকে গ্রেফতার করা হয়েছে। তার বাড়ী চট্টগ্রামের হাট হাজারী, তিনি নিউইয়র্ক প্রবাসী। বর্তমানে তিনি জামিনে মুক্ত বলে জানা গেছে।

চট্টগ্রাম সমিতি'র দ্বি-বার্ষিক নির্বাচন গত ২০ অক্টোবর রোববার অনুষ্ঠিত হয়। নির্বাচনে 'তাহের-আরিফ' ও 'মাকসুদ-মাসুদ' নামের দুটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করে। নির্বাচন শেষে সভাপতি পদের দুই প্রার্থী 'তাহের-আরিফ' প্যানেলের আবু তাহের ও 'মাকসুদ-মাসুদ' প্যানেলের মাকসুদুল হক চৌধুরীর প্রাপ্ত ভোটের ব্যবধান সামান্য থ াকায় জটিলা দেখা দেয়। পরবর্তীতে নির্বাচনী ফলাফল সৃষ্ট জটিলতার পর নির্বাচন কমিশন পুনরায় ভোট গণনা ও ভোট গণনার কাজে সহযোগি প্রতিষ্ঠানের সার্টিফিকেট পাওয়ার পর *৩৩-এর পৃষ্ঠায় দেখুন*

জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ইফতার মাহফিল

নিউইয়র্ক: জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ২২তম ইফতার মাহফিল ও সৌহার্দ্য সম্প্রীতির অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। গত ১৫ মার্চ নিউইয়র্কের কুইন্স ব্লুলেভার্ডের আগ্রা প্যালেসে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

ভালো'র ইফতার-ডিনার আয়োজন

নিউইয়র্ক: সামাজিক সংগঠন ভালো'র (BHALO) উদ্যোগে গত ১৩ মার্চ বার্ষিক ইফতার-ডিনার আয়োজন করা হয়। এতে স্থানীয় নির্বাচিত জনপ্রতিনিধি, কমিউনিটি নেতৃবৃন্দসহ নানা শ্রেণি- পেশার প্রায় ৫ শতাধিক ব্যক্তি অংশ নেন। এ আয়োজনের মূল লক্ষ্য ছিল *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্কে সাপ্তাহিক প্রথম আলো ও সিবিএন টিভি'র প্রতিষ্ঠাবার্ষিকী

কবিতাময় উজ্জ্বল সন্ধ্যা এবং মায়েদের প্রতি শ্রদ্ধা

নিউইয়র্ক: কুইনসের আগ্রা পার্টি হল ২১ মার্চ, শুক্রবার যেন হয়ে উঠেছিল বাংলা সংস্কৃতি ও সম্প্রীতির মিলনমেলা। সাপ্তাহিক প্রথম আলো উত্তর আমেরিকা ও সিবিএন টিভি'র যৌথ *১২-এর পৃষ্ঠায় দেখুন*

'মিডোরুক'-এর পক্ষ থেকে ইফতার মাহফিল

নিউইয়র্ক: নিউইয়র্কসহ ট্রাইস্টেট এলাকায় বাড়ী কেনায় লোন সুবিধা সহ সংশ্লিস্ট সেবা নিউইয়র্কে সুপরিচিত ও বিশ্বস্ত প্রতিষ্ঠান ফাইন্যানশিয়াল মর্টগেজ বার্কার্স কোর 'মিডোরুক'-এর পক্ষ থেকে ইফতার মাহফিল অনুষ্ঠিত *৩৪-এর পৃষ্ঠায় দেখুন*

গ্লোবাল ট্যুরস এন্ড ট্রাভেলস'র ইফতার

নিউইয়র্ক: গ্লোবাল ট্যুরস এন্ড ট্রাভেলস এর ইফতার এবং দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত বুধবার ১৯ মার্চ সানাই রেষ্টুরেন্টে এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানটির প্রেসিডেন্ট সামসুদ্দিন বশির। দোয়া পরিচালনা *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

'গ্রী ম্যাকানিক্যালস ইয়াংকার্স'র ইফতার মাহফিল

নিউইয়র্ক: পবিত্র মাহে রমজান উপলক্ষে ইফতার ও দোয়া মাহফিল করেছে নিউইয়র্কে বাংলাদেশী মালিকানীদন 'গ্রী ম্যাকানিক্যালস ইয়াংকার্স' নামের হিটিং অ্যান্ড কুলিং ব্যবসা প্রতিষ্ঠান। জুমার দিন শুক্রবার (২১ মার্চ) সিটির উডসাইডে "গুলশান ট্যারেস" পার্টি হলে এই মাহফিলের আয়োজন করা হয়। ধর্মীয় ভাবগাম্ভীর পরিবেশে আয়োজিত মাহফিলে আমন্ত্রিত অতিথিদের স্বাগত জানান এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রতিষ্ঠানটির কর্ণধার *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্কে রেমিট্যান্স মেলা

'অর্থের অপচয় ও পাচার' নিয়ে বিতর্ক তুঙ্গে



বিশেষ প্রতিনিধি: যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বাংলাদেশ-ইউএসএ চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিইউসিআই) আয়োজিত রেমিট্যান্স (ফেয়ার) মেলায় 'অর্থের অপচয় ও পাচার' নিয়ে সৃষ্টি হয়েছে ব্যাপক বিতর্ক। আগামী ১৯-২০ এপ্রিল আয়োজিত এ রেমিট্যান্স মেলা নিয়ে স্থানীয় বাংলা গণমাধ্যম ও কমিউনিটিতে আলোচনা-সমালোচনা চলছে। রেমিট্যান্স ফেয়ার নাকি এর আড়ালে অন্য কোন উদ্দেশ্য এ নিয়ে তৈরী হয়েছে নানা জল্পনা কল্পনা। *৩৩-এর পৃষ্ঠায় দেখুন*

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৬

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ: ২০২৪ সালের জুলাই-আগষ্টের ছাত্র-জনতার গণ অভ্যুত্থানে শেখ হাসিনা নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতনের পর নোবেল পুরস্কার বিজীয় একমাত্র বাংলাদেশী প্রফেসর ড. মুহাম্মদ ইনউসের নেতৃত্বে নতুন অন্তর্বর্তী সরকার দায়িত্ব নিয়েছে। এই সরকার ৮ মাস হতে চললো। আওয়ামী লীগ সরকারের পতন আর ইউনূস সরকারের ক্ষমতা গ্রহণের পর থেকেই দেশে বিদেশে নানা জল্পনা-কল্পনা চলছে। নিউইয়র্কেও প্রবাসী বাংলাদেশীদের চায়ের আড্ডাতেও চলছে না কথা। দেশকে আকার্যকর করতে বলা হচ্ছে দেশী-বিদেশী নানা ষড়যন্ত্রের কথা। কিন্তু এসব আড্ডায় সচেতন *৫-এর পৃষ্ঠায় দেখুন*

কুলাউড়া এসোসিয়েশনের ইফতার মাহফিলে প্রবাসীদের মিলনমেলা

বাংলা পত্রিকা রিপোর্ট: কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ'র ইফতার ও দোয়া মাহফিলে কুলাউড়াবাসী ও কমিউনিটি নেতৃবৃন্দের উপস্থিতিতে কুইন্স প্যালেস পার্টি হল মিলনমেলায় পরিণত হয়। সোমবার নিউইয়র্ক সিটির উডসাইডের কুইন্স প্যালেসে এই মাহফিলের আয়োজন করা হয়।

ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্য দেন বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল নাজমুল হুদা। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, ঠিকানা গ্রুপের চেয়ারম্যান এম এম শাহীন, জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি বদরুল খান, প্রকৌশলী আব্দুস শুকুর, লীগ অব আমেরিকার সভাপতি বেদারুল ইসলাম বাবলা, ১৬-এর পৃষ্ঠায় দেখুন

টাঙ্গাইল সোসাইটির ইফতার মাহফিল অনুষ্ঠিত

নিউইয়র্ক: পবিত্র রমজান উপলক্ষ্যে প্রতি বছরের মতো এবছরও ইফতার ও দোয়া মাফিলের আয়োজন করে যুক্তরাষ্ট্র প্রবাসী টাঙ্গাইলবাসীদের সামাজিক সংগঠন 'টাঙ্গাইল সোসাইটি ইউএসএ ইনক'। ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে সোমবার *৮-এর পৃষ্ঠায় দেখুন*







Editor: Abu Taher Published by Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169, Fax: 718 482 9935, Email: banglapatrikausa@gmail.com